ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন


বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৮১ ● কলকাতা ● ০২ কার্তিক, ১৪৩১ ● শনিবার ● ১৯ অক্টোবর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা





বাবা সিদ্দিক খুনের পর আতঙ্কে সালমান খান, বাড়ল নিরাপত্তা পৃঃ ৫


নৈশক্লাব বিতর্কে সতীর্থদের পাশে পাচ্ছেন এমবাপে পৃঃ ৬


## অভিষেক হাসপাতালে, এরই মধ্যে ৬ আসনে যাঁদের প্রার্থী করার জন্য বেছেছে তৃণমূল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** তৃণমূলের ছাত্র সংগঠনের সভাপতি হলেন তৃণাঙ্কুর বন্দ্যোপাধ্যায়। দলের নামের সঙ্গে তাঁর নামের সাযুজ্য থাকাটা একেবারে কাকতালীয়। হালিশহরের এই ছেলেটিকে নৈহাটি বিধানসভার উপ নির্বাচনে প্রার্থী করা হতে পারে বলে অনেক দিন ধরে গুঞ্জন চলছিল দলের মধ্যে।তবে কৌতূহলের বিষয় হল, তালড্যাংরায় প্রার্থী কাকে করা হবে? জানা গিয়েছে, যে তিনটি নামের সুপারিশ এসেছে, তার মধ্যে একজন প্রাক্তন বিধায়ক ও প্রবীণ নেতা রয়েছেন। তালড্যাংরায় ষোল সালের বিধানসভা ভোটে সিপিএমের অমিয় পাত্রকে পরাস্ত করে জিতেছিলেন সমীর চক্রবর্তী। কিন্তু একুশের ভোটে সমীরবাবু তালড্যাংরা থেকে আর প্রার্থী হতে চাননি। বিধানসভা ভোটে প্রার্থী না হলেও তৃণমূলের বাঁকুড়া অ্যাফেয়ার্সের অন্যতম কাণ্ডারি হলেন কালীঘাট ঘনিষ্ঠ সমীর চক্রবর্তী ওরফে বুয়া চক্রবর্তী। লোকসভা ভোটে বাঁকুড়া ও বিষ্ণুপুর আসন দুটির জন্য তাঁকেই পর্যবেক্ষক করে পাঠানো হয়েছিল। একটি সূত্রের মতে, উপযুক্ত প্রার্থী না পেলে সমীরবাবুকে দিদি ফের পাঠাতে পারেন তালড্যাংরায়।

তবে হ্যাঁ, সবটাই এখনও তরল অবস্থায় রয়েছে। বাকিটা মমতা বন্দ্যোপাধ্যায় জানেন। শুক্রবার বিকেলে বা শনিবার এই ৬ জনের নাম ঘোষণা করা হতে পারে।নৈহাটিতে বিধায়ক ছিলেন পার্থ ভৌমিক। লোকসভা ভোটে তিনি ব্যারাকপুর আসনে জেতায়


এরপর ৩ পাতায়


## মুখ্যসচিব ও স্বাস্থ্যসচিবের সাথে বৈঠক করলেন মমতা বন্দ্যোপাধ্যায়



**বেবি চক্রবর্ত্তী: কলকাতা: নিউজ সারাদিন :** আরজি কর কাণ্ডের পর প্রশ্নের মুখে এসে দাঁড়িয়েছে রাজ্যের হাসপাতালগুলির নিরাপত্তা। বাংলার সকল মেডিক্যাল কলেজ এবং হাসপাতালগুলির সুরক্ষা আঁটোসাঁটো করার দাবিতে সরব জুনিয়র চিকিৎসকরা। এই আবহে শুক্রবার মুখ্যসচিব মনোজ পন্থ এবং স্বাস্থ্যসচিব নারায়ণস্বরূপ নিগমের সঙ্গে বিশেষ বৈঠক করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সূত্র মারফৎ জানা যাচ্ছে, আজকের বৈঠকে রাজ্যের মেডিক্যাল কলেজ এবং হাসপাতালগুলির সুরক্ষা এবং রোগী পরিষেবা নিয়ে আলোচনা হয়েছে। শুধু তাই নয়, আজ ফের নবান্নে উচ্চ পর্যায়ের বৈঠকের ডাক দেওয়া হয়েছে বলে খবর। সেখানে মুখ্যসচিব, স্বাস্থ্যসচিব উপস্থিত থাকবেন বলে খবর।

জানা যাচ্ছে, মেডিক্যাল কলেজ, হাসপাতালের সুরক্ষার কাজ, সিসিটিভি ক্যামেরা বসানোর কাজ কতখানি এগিয়েছে সেই বিষয়ে আজ কালীঘাটের বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে মুখ্যসচিব এবং স্বাস্থ্যসচিবের আলোচনা হয়েছে। রিপোর্ট অনুযায়ী এমনটাই জানা যাচ্ছে। এর প্রেক্ষিতে ফের আজ বিকেলে স্বাস্থ্যসচিব নারায়ণস্বরূপ নিগমকে নিয়ে মুখ্যসচিব মনোজ পন্থ একটি বৈঠক করবেন বলে খবর।

মুখ্যসচিব, স্বাস্থ্যসচিব ছাড়াও আজ বিকেলে হতে চলা এই বৈঠকে স্বাস্থ্য দফতরের উচ্চপদস্থ আধিকারিকরাও থাকতে পারেন। সেই সঙ্গেই থাকবেন সুপার, সিএমওএইচরা। সেই বৈঠকে কী নিয়ে আলোচনা হয় সেদিকে নজর থাকবে সকলের।

এদিকে রাজ্যের তরফ থেকে আবার দাবি করা হয়েছে, বাংলার মেডিক্যাল কলেজ, হাসপাতালের কাজের জন্য প্রায় ১০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। নিরাপত্তা, রোগী পরিষেবা থেকে শুরু করে রেফারেল ব্যবস্থা, সবকিছুর পরিকাঠামোগত উন্নয়নের জন্য এই টাকা বরাদ্দ করা হয়েছে বলে খবর।

## আগামী বছর বাংলাদেশে সংসদীয় নির্বাচন হতে পারে ?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সরকারের মুখ্য উপদেষ্টার দায়িত্ব নেওয়ার পরে মুহাম্মদ ইউনূস জানিয়েছিলেন, যত দ্রুত সম্ভব জাতীয় সংসদের নির্বাচনের আয়োজন করা হবে। কিন্তু তাঁর সরকারের আইনি উপদেষ্টার আসিফ নজরুলের মন্তব্য প্রতিশ্রুতি পালনের সদিচ্ছা নিয়ে প্রশ্ন তুলে দিল। আগামী বছরেও নির্বাচনের আয়োজন করা সম্ভব হবে কি না, তা নিয়ে দ্বিধাগ্রস্ত আসিফ!আসিফের এই যুক্তি বিএনপি বা জামাতের দল মেনে নেবে কি না, তা নিয়ে সন্দিহান রাজনৈতিক পর্যবেক্ষকদের একাংশ। সম্প্রতি একটি সাক্ষাৎকারে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল স্পষ্ট ভাষায় জানিয়েছিলেন, সংস্কার নিয়ে তাঁদের মাথাব্যথা কম। বিএনপি চায় যত দ্রুত সম্ভব নির্বাচনের ব্যবস্থা করা হোক। তার জন্য নির্বাচন কমিশন, বিচার বিভাগ এবং প্রশাসনে যতটুকু সংস্কার প্রয়োজন, সেটাই ইউনূস সরকার করুক। সংস্কারের কাজে ইউনূস সরকারের এক্তিয়ার ও বৈধতা নিয়েও প্রশ্ন তুলেছিলেন ফখরুল। তিনি বলেন, 'সংস্কার করার মূল দায়িত্ব কিন্তু হবে নির্বাচিত জনপ্রতিনিধিদের। আপনাকে যদি প্রশ্ন করি যে হু আর ইউ এই সব সংস্কার করছেন, সংবিধান সংস্কার করছেন। আপনি কে? আপনার স্টেটাসটা কী? একটা আন্দোলন করে ছেলেরা আপনাকে বসিয়ে দিয়েছে আর আপনি সব দায়িত্ব পেয়ে গিয়েছেন, আমি সেটা মনে করি না।' আসিফ বৃহস্পতিবার রাতে একটি টিভি চ্যানেলে সাক্ষাৎকার দিয়েছেন। কবে জাতীয়


এরপর ৩ পাতায়



মৃত্যুঞ্জয় সরদারের আটটি বইয়ের মধ্যে
কলকাতার কলেজ স্ট্রিটে
চারটি বই পাওয়া যাচ্ছে।
অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে
পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর মাতৃ শক্তি
কলেজ স্ট্রিট কেশব চন্দ্র স্ট্রিটে, অশোক পাবলিশিং হাউসে

সুন্দরবন ও সুন্দরবনবাসি
বর্ণপরিচয় বিল্ডিংয়ে উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে
আর্তনাদ নামের বইটি।
এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১



আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা মাধ্যম)

সরবেড়িয়া আন্-নূর মিশন

(বালক ও বালিকা পৃথক ক্যাম্পাস)
(পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি) বিজ্ঞান ও কলা বিভাগ

E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Contact : 9732531171

২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্য (পঞ্চম থেকে নবম শ্রেণি)

পরীক্ষা কেন্দ্র সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস.হাট, ন্যাজাট, উঃ ২৪ পরগনা

ফর্ম বিতরণ চলছে (অফলাইনে)

ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : ৩রা নভেম্বর ২০২৪
ভর্তি পরীক্ষার তারিখ : ১০ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ১২টা
ফলাফল প্রকাশিত হবে : ১৭ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ২টা

ফলাফল জানা যাবে www.annoormission.org
এই website notice board-এ

সফল ছাত্র-ছাত্রীদের অভিভাবক/অভিভাবিকা সাক্ষাৎকার ও
ভর্তি প্রক্রিয়া শুরু হবে ২২শে নভেম্বর থেকে ৩০শে নভেম্বর ২০২৪
ফর্মের মূল্য : ৫০.০০ টাকা







আবাসিক শিক্ষক চাই
বায়োলজি
এমএসসি অনার্স
ও একজন
কম্পিউটার
টিচার লাগবে
সত্বর Resume mail করুন

ফর্ম পাওয়ার জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন ফর্ম বিতরণ কেন্দ্রগুলিতে

- সরবেড়িয়া আন নূর মিশন
  সরবেড়িয়া, এফ.এস. হাট, ন্যাজাট, উঃ ২৪ পঃ
  মোঃ - ৯৫৬৪০১১৯০৬ / ৯৭৩৪৫৪৯৫০৫
- নিউ বিশ্বাস জেরক্স
  মুরারীসাহা চৌমাথা, ভেবিয়া, উঃ ২৪ পঃ
  মোঃ - ৯৬০৯০৮২৪১৬
- আদর্শ শিশু নিকেতন
  ভাঙনখালি, (কলতলা মোড়) বাসন্তী, দঃ ২৪ পঃ মোঃ - ৮১৪৫২৫০০৮০
- সাগরিকা লাইব্রেরী
  বিজয়গঞ্জ বাজার, ভাঙ্গর, দঃ ২৪ পঃ মোঃ - ৯৭৩৫২৮০৪০৭
- আরফান আলি বিশ্বাস
  দেবগ্রাম, কাটোয়া মোড়, নদীয়া মোঃ - ৯১৫৩৯৩২৯০৬

# মনোনয়ন জমা পড়ল

## তালডাংরা বিধানসভা উপনির্বাচনে

**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন :** ১৩ নভেম্বর তালডাংরা বিধানসভা কেন্দ্রের উপনির্বাচন। নির্বাচন কমিশনের নির্দেশ অনুসারে, তার আগেই শুক্রবার থেকে খাতড়া মহকুমা দপ্তরে মনোনয়ন প্রক্রিয়া শুরু হল। সূত্রের খবর এখনও পর্যন্ত এদিন কোনও দলের পক্ষ থেকে মনোনয়ন প্রক্রিয়ায় অংশগ্রহণ করা হয়নি।নির্বাচনী প্রক্রিয়ার পয়লা ধাপেই, যেকোনও ধরনের অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে মহকুমা শাসকের দপ্তর জুড়ে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে প্রশাসন। মূল ফটক ছাড়াও ভিতরেও মোতায়েন মোতায়েন রয়েছেন পর্যাপ্ত পুলিশ কর্মী। একই সঙ্গে মহকুমা শাসকের দপ্তরে বিভিন্ন কাজে আসা ব্যক্তিদের সঙ্গে কথা বলার পর সন্তুষ্ট হলে, পুলিশ কর্মীরা তাদের ভিতরে যাওয়ার অনুমতি দিয়েছেন, বলে জানা গিয়েছে।

উল্লেখ্য, গত লোকসভা নির্বাচনে তালডাংরার বিধায়ক অরুপ চক্রবর্ত্তীকে বাঁকুড়া লোকসভা কেন্দ্রে প্রার্থী করে তৃণমূল। তিনি তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী বিজেপির সুভাষ সরকারকে হারিয়ে লোকসভায় যাওয়ার ছাড়পত্র আদায় করে নেন। ফলে নিয়মানুযায়ী অরুপ চক্রবর্ত্তীকে বিধায়ক পদ থেকে ইস্তফা দিতে হয়। এই অবস্থায় বিধায়ক শূন্য হয়ে তালডাংরা। ফলে এই কেন্দ্রে নির্বাচন অবশ্যম্ভাবী হয়ে পড়ে।

# নৃশংস ঘটনা, হাত-পা বেঁধে

## পিঁপড়ের চাকে ফেলে শিশুকে অত্যাচার



**শান্তিপুর: নিউজ সারাদিন :** দীর্ঘক্ষন নিখোঁজ থাকার পর হাত-পা বাঁধা অবস্থায় পিঁপড়ের চাক থেকে উদ্ধার পাঁচ বছরের এক নাবালক। কিশোরের বক্তব্য অনুযায়ী, প্রতিবেশী এক যুবকের সাথে মুখে ইয়ার্কি মারার জন্যই শাস্তির এই বেনজির দৃষ্টান্ত। অভিযুক্ত এলাকার দাপুটে বলে থানায় অভিযোগ করতে বাধা দেওয়া হয় কিশোরের মাকে।এরপর নাবালক ওই শিশুর মা রোজিনা বিবি বিষয়টি পরিবারের অন্য সদস্যদের জানায়। শান্তিপুর সহ বিভিন্ন জায়গা থেকে তাদের আত্মীয়-স্বজন দেখতে আসে ওই কিশোরকে। তখন তাদের গাড়ি আটকে এমনকি নাবালকের মাকে থানায় যেতে বাধা দেওয়া হয় বলেই অভিযোগ। অন্যদিকে শিশুর শারীরিক পরিস্থিতি সুস্থ করার জন্য শান্তিপুর স্টেট জেনারেল হাসপাতালে নিয়ে আসা হয়। শান্তিপুর থানায় খবর দিলে পুলিশ প্রশাসন গিয়ে ওই মহিলাকে উদ্ধার করে। শিশুটি বর্তমানে শান্তিপুর স্টেট জেনারেল হাসপাতালে ভর্তি। ইসমাইল স্থানীয় দাপুটে হওয়ার কারণে প্রভাব খাটিয়ে এলাকার মানুষদের জড়ো করে শুক্রবার অশান্তি শুরু করে বলে দাবি ওই শিশুর পরিবারের। বিষয়টি খতিয়ে দেখতে শান্তিপুর থানার পুলিশ ঘটনার স্থলে পৌঁছয়। বিভিন্ন সময়ে বিভিন্ন অপরাধমূলক কাজের জন্য রণক্ষেত্র হয়ে ওঠা সাহেবডাঙ্গা গ্রাম আবারও উত্তপ্ত হয়ে উঠেছে এই ঘটনার পরিপ্রেক্ষিতে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। সেখানে বৃহস্পতিবার বিকাল তিনটা থেকে জসিদ আলী ধাবকের ৫ বছর বয়সী নাবালক সন্তান রাজীবকে খুঁজে পাওয়া যাচ্ছিল না। বাবা জোসিদ এবং মা রোজিনা বিবি সে সময় বাড়ি ছিলেন না। সন্ধের সময় তারা ফিরে এসে ছেলেকে খোঁজ করতে গিয়ে লক্ষ্য করেন মাঠে যাওয়ার একটি নির্জন রাস্তায় তার হাত-পা বাঁধা অবস্থায় রয়েছে একটি পিঁপড়ের চাকের উপর। নাবালক ওই কিশোরের বক্তব্য অনুযায়ী প্রতিবেশী ইসমাইল ধাবক তাকে এই অবস্থা করেছে, সহযোগিতা করেছে সাইফুল(Saiful) নামে পারারই অপর এক যুবক। তবে সে সময় আরো বেশকিছু মানুষজন দাঁড়িয়ে দেখছিলো। অভিযোগকারী এবং অভিযুক্ত দুইই একি পাড়ার হওয়ার কারণে বৃহস্পতিবার রাতে নিজেদের মধ্যে মীমাংসার চেষ্টা করে এলাকাবাসী। কিন্তু শুক্রবার সকালে ওই নাবালক শিশুকে ঘরের দরজা আটকে গত কালকের ঘটনা বলতে বারণ করে ইসমাইল। এমনকি বলতে বলে পাট কাঠির গাঁদায় হেলান দিয়ে দাঁড়ানোর জন্যই এই অবস্থা। এমনকি হাত পা বেঁধে তার পিঠের উপরে বসে থাকার ঘটনাটাও ওই শিশুকে না বলার জন্য ভয় দেখানো হয়।

# ভোটকর্মীদের নিয়ে বিশেষ ভাবনা রয়েছে নির্বাচন কমিশনের



**নুরসেলিম লস্কর,বাসন্তী : নিউজ সারাদিন :** সুন্দরবনের ম্যানগোভ বনাঞ্চল সংরক্ষণ এবং পরিবেশ সচেতনতার বার্তা ছড়িয়ে দিতে অভিনব উদ্যোগ নিয়েছে ম্যানগোভ থিয়েটার সেন্টারের তিন যুবক সজল মণ্ডল, বাপ্পা দাস, এবং কৌশিক রায়। এই ত্রয়ী তাদের থিয়েটার, গান এবং অভিনয়ের মাধ্যমে মানুষের মধ্যে পরিবেশ রক্ষার গুরুত্ব তুলে ধরতে 'জল জঙ্গলের গান' নামের এক ভ্রাম্যমাণ নাট্যদল গঠন করেছেন।

তাদের অভিযাত্রার সূচনা হয়েছে সুন্দরবনের গোসাবার সামসেরনগরের জিরো পয়েন্ট থেকে। প্রতিদিন ভোরের সূর্যোদয়ের আগেই তারা যাত্রা শুরু করেন, এবং মধ্যাহ্ন পর্যন্ত সেখানকার গ্রামবাসীদের সামনে তাদের পরিবেশনা করেন। স্থানীয় মানুষদের জন্য এই অভিনব বিনোদন যেমন মনোমুগ্ধকর, তেমনই পরিবেশ রক্ষার তাৎপর্য বোঝাতে সাহায্য করছে। তাদের অভিনয়ের মূল উপজীব্য সুন্দরবনের ম্যানগোভ বন এবং এই এলাকার বাস্তুতন্ত্রকে রক্ষা করা।

সাংস্কৃতিক বিনোদনের মাধ্যমে বার্তা এই ত্রয়ী বিভিন্ন গান, বাজনা ও নাট্য অভিনয়ের মাধ্যমে পরিবেশ সংরক্ষণের প্রয়োজনীয়তা, ম্যানগোভ বাঁচানোর বার্তা, এবং সুন্দরবনের জীববৈচিত্র্যের গুরুত্ব তুলে ধরছেন। গ্রামীণ পরিবেশে থিয়েটার এমন একটি মাধ্যম, যা সাধারণ মানুষের কাছে সহজেই পৌঁছাতে পারে। গ্রামের মানুষরা তাদের পরিবেশনা দেখে যেমন মুগ্ধ হচ্ছেন, তেমনি পরিবেশের প্রতি নিজেদের দায়িত্ববোধ নিয়েও ভাবতে শুরু করেছেন।

সুন্দরবনের ম্যানগোভ বনাঞ্চল শুধু এই এলাকার মানুষের জীবনযাত্রার সাথেই জড়িত নয়, বরং এটি জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় একটি প্রাকৃতিক প্রতিরক্ষা ব্যবস্থা হিসেবেও কাজ করে। ম্যানগোভ বনানী বন্যা, ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাস থেকে রক্ষা করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কিন্তু, দূষণ, বৃক্ষচ্ছেদন এবং প্রাকৃতিক দুর্যোগের ফলে এই বনাঞ্চল হুমকির মুখে পড়েছে। "জল জঙ্গলের গান" এর মূল লক্ষ্য হলো এই ম্যানগোভ বন বাঁচানোর জন্য স্থানীয়

এরপর ৩ পাতায়









# সর্ব লক্ষ্মীময়ী রাধারানী পূজিত হলেন

## নবদ্বীপের বলদেব মন্দিরে



**অভিজিৎ সাহা, নবদ্বীপ : নিউজ সারাদিন :** শ্রীচৈতন্য মহাপ্রভুর পার্ষদ নিত্যানন্দ বংশের দুই শরীক নবদ্বীপের গান তলা রোডের বলদেব জিউ মন্দির এবং ব্রজানন্দ গোস্বামী রোডের রাধা মদনমোহন মন্দির। প্রতিবছর এই দুই পরিবার পালা করে কোজাগরি লক্ষ্মী পুজোর দিন সর্বলক্ষ্মীময়ী রাধা রানী কে পুজো করে আসছেন। নপুরুষ ধরে এইভাবে রাধারানীর পুজো হয়ে আসছে নবদ্বীপে। পূর্ববঙ্গ থেকে আসার পর এই দুই শরিক এক বছর অন্তর পালা করে কোজাগরী লক্ষ্মী পূজায় সর্বলক্ষ্মীময়ী রাধারানীকে পুজো করে আসছেন। এই বছর বুধবার লক্ষ্মী পূজার সন্ধ্যায় প্রথা মেনে রাধারানী পূজিতা হলেন গানতলা রোডের বলদেব জিউ মন্দিরে। গত বছর রাধা মদনমোহন মন্দিরে এই পুজো অনুষ্ঠিত হয়েছে,এবছর বলদেব জিউ মন্দিরে অনুষ্ঠিত হলো। বলদেব মন্দিরের সেবাইত নিত্যানন্দ বংশের ত্রয়োদশ বংশধর সভাপতি রতন গোস্বামী এবং সম্পাদক কিশোর কৃষ্ণ গোস্বামী বলেন শ্রীচৈতন্য মহাপ্রভুর পার্ষদ নিত্যানন্দ বংশের ষষ্ঠ পুরুষ হরগোবিন্দ প্রভু প্রায় ৩০০ বছর আগে সেই সময়কার ঢাকা জেলার বুতনি গ্রামে এই পুজোর প্রচলন করেন। কষ্টিপাথরের রাধার শ্যামসুন্দরের যুগল মূর্তি পূজা করতেন তিনি। সেই মূর্তিটি সব সময় তার সঙ্গে থাকতো। যখন ধর্ম প্রচারের জন্য দেশের বাইরে যেতেন সেই সময় মূর্তিটি তিনি সঙ্গে নিয়ে যেতেন। এক সময় হঠাৎ রাধার সঙ্গে যুগলে থাকা শ্যামসুন্দরের মূর্তিটি কোন কারণে খন্ডিত হয়ে যায়। পরে সেই যুগল মূর্তিটি তৈরি করা হলেও সেটিও নষ্ট হয়ে যায়। রাধারানী স্বপ্নাদেশ করেন শ্যামসুন্দর তার মধ্যেই বিরাজমান রয়েছেন, আর কোন আলাদা মূর্তির প্রয়োজন নেই, এই মূর্তি পুজো করলে তাকে পুজো করা হবে। সেই ধারা অনুযায়ী নিত্যানন্দ বংশে কোজাগরী লক্ষ্মী পূজার দিন রাধারানীর পুজো হয়ে আসছে, কোন লক্ষ্মীর মূর্তি পুজো হয় না। মদনমোহন মন্দিরের বর্তমান সেবাইত নিত্যানন্দ বংশের চতুর্দশ বংশধর নিত্য গোপাল গোস্বামী বলেন, শ্রীচৈতন্য মহাপ্রভুর আদেশে বিবাহের পরে নিত্যানন্দ প্রভু খড়দহে তার বসতি স্থাপন করেন। তখন থেকে বংশ-পরম্পরাক্রমে কোজাগরি পূর্ণিমার সর্ব লক্ষ্মীময়ী শ্রীমতি আরাধনার ধারা প্রবর্তিত হয়ে আসছে। বর্তমানে যে মূর্তি পূজিত হচ্ছে এই সেই মূর্তি হরি গোবিন্দ প্রভুর প্রতিষ্ঠিত। নিত্যানন্দ বংশের একাদশ উত্তর পুরুষ প্রাণ গোপাল গোস্বামী পূর্ববঙ্গ থেকে নবদ্বীপে আসার সময় রাধারানীকে সঙ্গে নিয়ে এসেছিলেন।ব্রজনন্দ গোস্বামী রোডে রাধা মদনমোহন মন্দিরের সেব পুজোগ্রহণ করেন। পরবর্তী সময়ে প্রাণ গোপাল গোস্বামীর পর পূর্ববঙ্গ থেকে নবদ্বীপে চলে আসেন তার জ্ঞাতি রমণী মোহন গোস্বামী। তিনি পূর্ববঙ্গ থেকে বলদেবকে শ্রীচৈতন্য ধাম নবদ্বীপে নিয়ে এসে গানতলা বলদেব জিউ মন্দির প্রতিষ্ঠা করেন। সেই থেকে দুইটি মন্দির আজ নবদ্বীপে বিরাজমান। বিশেষ তাৎপর্য হলো এই সর্বলক্ষ্মীময়ী রাধারানী যেই বছর যেই মন্দিরের বিরাজ করবেন সেই মন্দিরে পঞ্চম দোল ও দীপাবলিতে ১১০৮টি দ্বীপ জ্বালানো হয়ে থাকে। এই দীপ জ্বালানোর জন্য বহু ভক্তবৃন্দ সমাগম হয় দুই মন্দিরে।

# কলকাতা মেট্রোর ৪০ বছর




**কলকাতা, ১৮ অক্টোবর, ২০২৪ : নিউজ সারাদিন :** কলকাতায় মেট্রো পরিষেবার ৪০ বছর উপলক্ষ্যে আজ এক অনুষ্ঠানে মেট্রো রেলের জেনারেল ম্যানেজার শ্রী পি উদয় কুমার রেড্ডি আগামীদিনের নানা পরিকল্পনার কথা সাংবাদিকদের সামনে তুলে ধরলেন। এর মধ্যে রয়েছে ২০২৫ নাগাদ কলকাতা বিমান বন্দর পর্যন্ত মেট্রো পরিষেবার প্রসার। কবি সুভাষের পাশাপাশি নোয়াপাড়ার সঙ্গেও মেট্রো সংযোগ গড়ে তোলা হবে। ধীরে ধীরে কলকাতা এবং হাওড়া ঘিরে মেট্রো পরিষেবা নিত্যযাত্রীদের সুবিধার পাশাপাশি, রাস্তাঘাটে যানজটের সমস্যা অনেকাংশে কমাতে সাহায্য করবে এবং শহরের পরিবহন পরিকাঠামো হয়ে উঠবে আরও পরিবেশ অনুকূল।

কলকাতায় তথা ভারতে মেট্রো পরিষেবার সূচনা হয় ১৯৮৪-র ২৪ অক্টোবর। ওই দিন এসপ্ল্যানেড এবং ৩.৪ কিলোমিটার দূরের ভবানীপুর (বর্তমানে নেতাজী ভবন) স্টেশনের মধ্যে মেট্রো পরিষেবা চালু হয়। এরপর ধাপে ধাপে এই পরিষেবা আরও অনেক প্রসারিত হয়েছে। আজ কলকাতা এবং সংলগ্ন এলাকায় মোট ৬০ কিলোমিটার মেট্রো রেলপথে

এরপর ৩ পাতায়

১-ম পাতার পর

# অভিষেক হাসপাতালে, এরই মধ্যে ৬ আসনে যাঁদের প্রার্থী করার জন্য বেছেছে তৃণমূল

নৈহাটিতে উপ নির্বাচন অনিবার্য হয়েছে। অনেকে মনে করছিলেন, পার্থ ভৌমিকও চান তৃণাঙ্কুরকেই প্রার্থী করা হোক। তা ছাড়া গত সোমবার পার্থ যেভাবে তৃণাঙ্কুরকে সঙ্গে নিয়ে দিদির সঙ্গে বিজয়া করতে গিয়েছিলেন, তাতেও সেই জল্পনা বেড়েছিল।

তবে তৃণাঙ্কুরকে হয়তো হতাশ হতে হবে। শেষমেশ উপ নির্বাচনে তাঁকে প্রার্থী নাও করতে পারে দল। পরিবর্তে নৈহাটিতে প্রার্থী করা হতে পারে দলের স্থানীয় টাউন প্রেসিডেন্ট সনৎ দে-কে। জানিয়ে রাখা ভাল, তৃণমূলে প্রার্থী বাছাইয়ের বিষয়টি শেষ মুহূর্ত পর্যন্ত খুবই তরল অবস্থায় থাকে। একে তো চূড়ান্ত সিদ্ধান্ত নেন মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর মনে কী আছে, কার নাম ভেবে রেখেছেন, তার হদিশ দক্ষিণ কলকাতার আচ্ছা আচ্ছা নেতার কাছে থাকে না। তবে হ্যাঁ সূত্রের খবর, একুশের বিধানসভা বা লোকসভা ভোটের মতো এবার বিধানসভার ৬টি আসনে উপ নির্বাচনের জন্য প্রার্থী বাছাইয়ের কাজে সমীক্ষা করেছে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের দফতর। তাতে সঙ্গত করেছে আই প্যাক।

অভিষেক এখন চিকিৎসার জন্য আমেরিকায় রয়েছেন। জন হপকিনস হাসপাতালে গত পরশু তাঁর চোখের নীচে অস্ত্রোপচার হয়েছে। ঘটনাচক্রে আই প্যাকের বঙ্গীয় কর্ণধার প্রতীক জৈনও এখন রয়েছেন মার্কিন মুলুকে। কালীঘাটের ঘনিষ্ঠ সূত্রে খবর, মোটামুটি ভাবে ৬টি আসনে প্রার্থী বাছার প্রাথমিক কাজ হয়ে গেছে। আসন ধরে ধরে তিন জনের নাম সুপারিশ করা হয়েছে এক-দুই-তিন করে। সেই সুপারিশ লিপি পড়লেই আন্দাজ করা যাবে কোন আসনে কাকে প্রার্থী করা হতে পারে।

নৈহাটিতে সনৎ দে-র সম্ভাবনা যেমন রয়েছে, তেমনই আবার মেদিনীপুর বিধানসভা আসনে প্রার্থী করা হতে পারে সুজয় হাজরাকে। সুজয় পশ্চিম মেদিনীপুরের জেলা সভাপতি। মূল ভাবনা হল, তাঁকে একটি সংসদীয় পদ দিলে তাঁর একটু ওজন বাড়তে পারে, এই আর কী। ঘটনা হল, এরই মধ্যে তৃণমূলে কেউ কেউ রটিয়ে দিয়েছিলেন দলের সহ-সভাপতি জয়প্রকাশ মজুমদারকে মেদিনীপুর আসনে প্রার্থী করা হতে পারে। কিন্তু শেষমেশ তৃণাঙ্কুরের মতই হতাশ হতে পারেন জয়প্রকাশ।

উত্তর চব্বিশ পরগনার হাড়োয়া বিধানসভায় বিধায়ক ছিলেন হাজি নুরুল ইসলাম। নুরুল লোকসভা ভোটে বসিরহাট আসনে জিতেছিলেন। সদ্য তাঁর মৃত্যু হয়েছে। ফলে বসিরহাট লোকসভা ও হাড়োয়া বিধানসভা দুটি আসনেই উপ নির্বাচন হবে। আপাতত হাড়োয়া বিধানসভায় উপ নির্বাচন হবে ১৩ নভেম্বর।

তৃণমূলের মধ্যে একটা জল্পনা ছিল, পুরমন্ত্রী তথা কলকাতার মেয়র ববি হাকিমের মেয়ে প্রিয়দর্শিনী হাকিমকে হাড়োয়া আসনে প্রার্থী করার জন্য একটা দৌত্য শুরু হয়েছে। তবে জানা যাচ্ছে, প্রয়াত হাজি নুরুলের ছেলে রবিউল ইসলামকে প্রার্থী করা হতে পারে। তিনি এখন জেলা পরিষদের সদস্য।

এ ছাড়াও উত্তরবঙ্গের মাদারিহাট ও সিতাই দুই বিধানসভা আসনে উপ নির্বাচন রয়েছে। এই দুই আসনে দুই স্থানীয় নেতাকে প্রার্থী করা হতে পারে বলে খবর। পড়ে থাকল শুধু বাঁকুড়ার তালড্যাংরা আসনটি। এই আসনে বিধায়ক ছিলেন বাঁকুড়া তৃণমূলের জেলা সভাপতি অরূপ চক্রবর্তী। অরূপ এখন বাঁকুড়ার সাংসদ। তাই তালড্যাংরায় উপ নির্বাচন হবে। সূত্রের খবর, জেলা সভাপতি হওয়ার সুবাদে অরূপ কয়েকটি নাম সুপারিশ করেছিলেন। তবে তা আই প্যাক বা কালীঘাটের নাপসন্দ। এমনিতে অরূপকে জেলা সভাপতি পদ থেকেও অচিরে সরিয়ে দেওয়া হতে পারে।

১-ম পাতার পর

# আগামী বছর বাংলাদেশে সংসদীয় নির্বাচন হতে পারে ?

সংসদের ভোট হতে পারে তা জানতে চাওয়া হলে তিনি বলেন, "আমার কাছে মনে হয়, আগামী বছরের মধ্যে নির্বাচন করাটা হয়তো সম্ভব হতে পারে। অনেক ফ্যাক্টর রয়েছে। এটা প্রাথমিক অনুমান।" তাঁর ব্যাখ্যা নির্বাচনের জন্য অনেকগুলি ধাপ রয়েছে। নতুন নির্বাচন কমিশনের জন্য সার্চ কমিটি প্রয়োজন। প্রয়োজন ভোটার তালিকা সংশোধন করা। চলতি বছরের গোড়ায় তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার আয়োজিত নির্বাচনে ভোটার তালিকায় গরমিলের অভিযোগ নিয়ে যে অশান্তি হয়েছিল, সে কথাও মনে করিয়ে দেন তিনি।

২ পাতার পর

# 'সুন্দরবন রক্ষায়' ম্যানগ্রোভ থিয়েটারের সদস্যদের অভিনব উদ্যোগ !

মানুষদের আরও বেশি করে সচেতন করে তোলা।

এই উদ্যোগের মাধ্যমে তারা সুন্দরবনের প্রত্যন্ত অঞ্চলে থিয়েটারের মাধ্যমে মানুষকে উদ্বুদ্ধ করার পাশাপাশি আরও বেশি মানুষকে পরিবেশ রক্ষায় সম্পৃক্ত করতে চান। তাদের এই প্রচেষ্টা শুধুমাত্র পরিবেশ সংরক্ষণ নয়, বরং স্থানীয় সংস্কৃতির পুনরুদ্ধারের দিকেও মনোনিবেশ করছে। ভবিষ্যতে তারা আরও বড় পরিসরে এই থিয়েটারের মাধ্যমে মানুষকে সচেতন করার পরিকল্পনা করছেন।

সজল মণ্ডল, বাপ্পা দাস, ও কৌশিক রায়ের "জল জঙ্গলের গান" প্রকল্পটি প্রমাণ করে যে থিয়েটার শুধু বিনোদন নয়, সমাজে ইতিবাচক পরিবর্তন আনার একটি শক্তিশালী মাধ্যমও হতে পারে। তাদের এই উদ্যম সুন্দরবনের পরিবেশ রক্ষায় উল্লেখযোগ্য ভূমিকা রাখবে বলে আশা করা যায়।

২ পাতার পর

# কলকাতা মেট্রোর ৪০ বছর



নিয়মিত যাতায়াত করেন হাওড়া এবং দুই ২৪ পরগনার অসংখ্য মানুষ। তাঁদের কাছে এই পরিবহন ব্যবস্থা হয়ে উঠেছে 'আমার মেট্রো'। ২০২৫ নাগাদ কলকাতা এবং সংলগ্ন এলাকায় মেট্রো রেলপথের মোট দৈর্ঘ্য দাঁড়াবে ৯০ কিলোমিটার, ২০২৭ নাগাদ তা পৌঁছে যাবে ১৩০ কিলোমিটারে- জানিয়েছেন মেট্রো রেলওয়ের জেনারেল ম্যানেজার। কলকাতায় মেট্রোর ৪০ বছর উপলক্ষ্যে ১৮-২৪ অক্টোবর, ২০২৪- সপ্তাহব্যাপী নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এর মধ্যে রয়েছে, হেরিটেজ ওয়ার্ক, ওয়াকথন, প্রদর্শনী এবং সাংস্কৃতিক সমারোহ। পুরনো স্মৃতি ফিরিয়ে আনতে চালানো হবে আগেকার নন-এ সি রেকগুলি। 'আমাদের নিজেদের মেট্রো' সম্পর্কে নিত্যযাত্রী ও বিশিষ্টজনেদের প্রতিক্রিয়া নিয়ে তৈরি হয়েছে বিশেষ চলচ্চিত্র। প্রদর্শনীতে জায়গা পাবে দুষ্প্রাপ্য নানা ছবি, পুরনো টিকিট, স্মার্টকার্ড, ডাক টিকিট ইত্যাদি। এই উপলক্ষ্যে একটি বিশেষ প্রচ্ছদ এবং ডাক টিকিটও প্রকাশ করা হবে। কলকাতায় মেট্রো পরিষেবার সাফল্যের জন্য সংস্থার কর্মী এবং যাত্রীদের অভিনন্দন জানিয়েছেন শ্রী রেড্ডি। আগামীদিনে এই পরিষেবা আরও উন্নত করে তোলা হবে বলেও আশ্বাস দিয়েছেন তিনি। মেট্রোর জেনারেল ম্যানেজার স্মারক হিসেবে একটি স্মার্টকার্ডও প্রকাশ করেন আজ। খুব শীঘ্রই কাউন্টারগুলিতে তা কিনতে পাওয়া যাবে। তিনটি স্বল্প দৈর্ঘ্যের চলচ্চিত্রও প্রকাশ করেন তিনি। এর একটিতে মেট্রো রেল সম্পর্কে তাঁদের মতামত প্রকাশ করেছেন ঋতুপর্ণা সেনগুপ্ত, গৌতম ঘোষ, হর্ষ নেওটিয়া, ঝুলন গোস্বামী প্রমুখ বিশিষ্টজনেরা। অন্য একটি ছবিতে মেট্রো পরিষেবার ক্রমপ্রসার তুলে ধরা হয়েছে সুন্দরভাবে। নিত্যযাত্রী এবং মেট্রোর প্রথম চালক শ্রী তপন নাথের প্রতিক্রিয়া নিয়ে তৈরি হয়েছে তৃতীয় ছবিটি।

# এসসিও সামিটের পর মোদিকে 'বন্ধুত্বের' বার্তা নওয়াজের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পাকিস্তানে আয়োজিত সদ্যসমাপ্ত এসসিও সামিটে অংশ নিয়েছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শংকর। পাকিস্তানের প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য বিনিময় করতেও দেখা গিয়েছে তাকে। এই সৌহার্দ্য আরও এগিয়ে নিয়ে যাওয়া উচিত বলে বার্তা দিলেন নওয়াজ শরিফ। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির কাছে পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রীর অনুরোধ, ৭৫ বছর ইতিমধ্যেই নষ্ট করে ফেলেছে দুই দেশ। আরও ৭৫ বছর নষ্ট করা মোটেই উচিত নয়।

গত ১৫ ও ১৬ অক্টোবর পাকিস্তানের সভাপতিত্বে আয়োজিত হয় এসসিও সামিট। প্রথামাফিক পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ সব সদস্য দেশের রাষ্ট্রপ্রধানদেরই আমন্ত্রণ জানান। গত আগস্ট মাসে আমন্ত্রণপত্র যায় ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির কাছেও। কিন্তু দুদেশের দ্বিপাক্ষিক সম্পর্কের প্রেক্ষিতে প্রশ্ন ওঠে, মোদি কি এই সম্মেলনে যোগ দিতে পাকিস্তান যাবেন? নানা জল্পনার পর অবশেষে বিবৃতি দিয়ে ভারত জানায় এসসিও সামিটে যোগ দিতে পাকিস্তানে যাবেন পররাষ্ট্রমন্ত্রী এস জয়শংকর।

ইসলামাবাদে পৌঁছে শাহবাজ শরিফের নৈশভোজেও যোগ দেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী। নৈশভোজের আগে শাহবাজের সঙ্গে করমর্দন করতে দেখা যায় তাকে। তবে শরিফ এবং জয়শংকরের সৌজন্য-সাক্ষাৎ হলেও কোনও দ্বিপাক্ষিক বৈঠক যে হবে না সেটা আগেই স্পষ্ট করে দিয়েছিল নয়াদিল্লি। কারণ ভারত বা পাকিস্তান কারও তরফেই দ্বিপাক্ষিক বৈঠকে আগ্রহ দেখানো হয়নি।

কিন্তু এসসিও সামিট শেষ হওয়ার পরে ভারতের প্রতি ইতিবাচক বার্তা দিলেন শাহবাজ শরিফের বড় ভাই তথা প্রাক্তন প্রধানমন্ত্রী নওয়াজ শরিফ। তিনি বলেন, "ভারত আমাদের প্রতিবেশী, চেষ্টা করেও সেটা বদলানো যাবে না। যদি এসসিও সামিটে মোদি আসতেন আমরা খুশি হতাম। তবে জয়শংকর এসেছেন বলেও আমরা আনন্দিত। দুই দেশের সম্পর্ক ঠিক করতে আমরা বারবার চেষ্টা করেছি। গত ৭৫ বছর আমরা নষ্ট করে ফেলেছি। আরও ৭৫ বছর নষ্ট করা উচিত নয়।" নওয়াজ আরও বলেন, ইমরান খান প্রধানমন্ত্রী থাকাকালীন ভারতের সঙ্গে পাকিস্তানের সম্পর্কে অনেক বেশি অবনতি হয়েছে।

# জয়শঙ্কর-শাহবাজের সাক্ষাৎ হলেও বৈঠক হয়নি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শাংহাই কো-অপারেশন অর্গানাইজেশনের (এসসিও) সম্মেলনে যোগ দিতে পাকিস্তানে গিয়ে কূটনৈতিক বিধি মেনেই দেশটির প্রধানমন্ত্রী শাহবাজ শরিফের সঙ্গে সাক্ষাৎ করলেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর। ইসলামাবাদে শাহবাজ শরিফের আমন্ত্রণে নৈশভোজে যোগ দেন তিনি।

এরপর ৪ পাতায়



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৮১ সংখ্যা ১৯ অক্টোবর, ২০২৪ শনিবার ০২ কার্ত্তিক, ১৪৩১

## সম্পাদকীয়

# 'ভিখারি' বাংলাদেশে চরম দারিদ্র্যে ৪ কোটি ১৭ লাখ মানুষ

জুলাই-অগস্টে ছাত্র আন্দোলনের কারণে অগ্নিগর্ভ ছিল বাংলাদেশ। বাংলাদেশের সেই পরিস্থিতি দেখে রীতিমত থমকে গিয়েছিল গোটা দেশ। শেষে বেকায়দায় পড়ে প্রধানমন্ত্রী পদত্যাগ করে পালায় শেখ হাসিনা। এখন শোনা যাচ্ছে, বাংলাদেশে ৪ কোটি ১৭ লাখ মানুষ চরম দারিদ্র্যে ভুগছেন।UNDP প্রকাশিত সূচকে দেখা গিয়েছে, দারিদ্র্যতায় বেশি ভুগছে শিশুরা। কারণ গবেষণায় দেখা গিয়েছে, দারিদ্র্য সীমার নীচে যারা আছেন, তাঁদের মধ্যে প্রায় ৫৮ কোটি ৪০ লাখের বয়স ১৮ বছরের কম। বিশ্বের মোট প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের ১৩ দশমিক ৫ শতাংশ। বেশিরভাগ ক্ষেত্রেই দেখা গিয়েছে, চরম দারিদ্র্যের মধ্যে থাকা প্রায় ৪৫ কোটি ৫০ লাখ মানুষ সংঘাতপূর্ণ দেশগুলিতে বসবাস করছেন। কারণে যুদ্ধ চলা দেশগুলোর মানুষজন পুষ্টি, বিদ্যুৎ, জল ও পয়োনিষ্কাশন সুবিধা থেকে চরমভাবে বঞ্চিত, তাই দারিদ্র্য সীমার নীচে রয়েছে সে সব দেশগুলি। এছাড়াও সূচক অনুযায়ী, বিশ্বে সবচেয়ে বেশিসংখ্যক দরিদ্র মানুষের বসবাস ভারতে। ১৪০ কোটি জনসংখ্যার মধ্যে ২৩ কোটি ৪০ লাখই চরম দারিদ্র্যের মধ্যে আছেন। এরপরই রয়েছে পাকিস্তান, যেখানে দারিদ্র্য সীমার নীচে রয়েছেন ৯ কোটি ৩০ লাখ, ইথিওপিয়াতে ৮ কোটি ৬০ লাখ, নাইজেরিয়াতে ৭ কোটি ৪০ লাখ) ও কঙ্গো প্রজাতন্ত্রতে ৬ কোটি ৬০ লাখ মানুষ এখনও চরম দারিদ্র্যে দিন কাটাচ্ছে।যাঁদের মধ্যে ৬ দশমিক ৫ শতাংশের অবস্থা বেশি গুরুতর। বিষয়টি জানিয়েছে, জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির একটি প্রতিবেদন। সুতরাং সংঘাতের মধ্যে দারিদ্র্য' শিরোনামে আবারও বাংলাদেশ। বিশ্বের দারিদ্র্য পরিস্থিতি খতিয়ে দেখতে তাঁরা বিশ্বের ১১২টি দেশের ৬৩০ কোটি মানুষের ওপর গবেষণা করেছিল। যাতে মানুষের পর্যাপ্ত আবাসন, পয়োনিষ্কাশন, বিদ্যুৎ, জল, ভোজ্যতেল ও পুষ্টির মতো একাধিক জিনিসের অভাবের কারণে দারিদ্রতার চিত্র ফুটে উঠেছে। শিশুরা কী হারে স্কুলে উপস্থিত হচ্ছে, সেটাও দেখা হয়েছিল।গবেষণার ফলাফলে আরও উঠে এসেছে, এখনও পর্যন্ত বিশ্বের প্রায় ১১০ কোটি মানুষ চরম দারিদ্র্যের মধ্যে বসবাস করছেন। যার মধ্যে বেশি দারিদ্র্যতায় ভুগছে আফ্রিকা ও দক্ষিণ এশিয়ার দেশগুলি। যেখানে প্রায় ২৭ কোটি ২০ লাখ দরিদ্র মানুষ অপুষ্টিতে ভুগছেন। পাশাপাশি বাংলাদেশেরও বেহাল অবস্থা। যার মধ্যে দারিদ্রতার নিরিখে বাংলাদেশে মানুষের জীবনযাত্রার মান (৪৫ দশমিক ১ শতাংশ), শিক্ষা (৩৭ দশমিক ৬ শতাংশ) ও স্বাস্থ্য (১৭ দশমিক ৩ শতাংশ) পরীক্ষা করা হয়েছিল। বাংলাদেশের প্রতিবেদন অনুযায়ী, বাংলাদেশের ১৮ দশমিক ৭ শতাংশ মানুষ এখন... দারিদ্র্যসীমার নিচে বসবাস করছেন। তাদের মধ্যে অতি দারিদ্র্যতায় ভুগছেন ৫ দশমিক ৬ শতাংশ মানুষ। দেশের ১৬ কোটি ৯৮ লাখ ২৮ হাজার জনসংখ্যার মধ্যে দরিদ্র মানুষের সংখ্যা ৩ কোটি ১৭ লাখ ৫৭ হাজার।

৩ পাতার পর

# জয়শঙ্কর-শাহবাজের সাক্ষাৎ হলেও বৈঠক হয়নি

সেখানেই দু'জনের সৌজন্য-সাক্ষাৎ হয়। তবে সৌজন্য সাক্ষাৎ হলে বৈঠক হয়নি দুই দেশের নেতাদের মধ্যে।

দু'দিনের এই পাকিস্তান সফরে এসসিও-র সম্মেলনে যোগ দেয়ার পাশাপাশি কয়েকটি পার্শ্ববৈঠকেও অংশ নেয়ার কথা জয়শঙ্করের। তবে সেই তালিকায় নেই পাকিস্তানের কোনও মন্ত্রী বা নেতা। ভারত আগেই জানিয়েছিল, জয়শঙ্করের এই সফরের সঙ্গে ভারত-পাকিস্তানের দ্বিপক্ষীয় বৈঠকের কোনো সম্পর্ক নেই। পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী ইশাক দার গত বলেছেন, ভারতের পক্ষ থেকে কোন পার্শ্ববৈঠকের অনুরোধ পাইনি। আমরাও এই মর্মে কোনো আবেদন করিনি। তবে প্রোটোকল অনুযায়ী সব দেশের নেতাদের মতোই ভারতের পররাষ্ট্রমন্ত্রীকে স্বাগত জানানো হবে।

# কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সব যেন বাংলা-বিহার-উরিষ্যা ভারত বর্ষ তথা বাংলাদেশ এবং বিশ্বের অন্যান্য স্থানে লক্ষ্মী দেবীর চিরাচরিত রীতি আজও প্রচলিত। তবে সর্বদাই আমি একটু গবেষণামূলক চরিত্র ভালোবাসি ,সবকিছু খতিয়ে দেখার অভ্যাস আমার সর্বদাই আছে।তাই কোজাগরী লক্ষ্মী পূজার ইতিহাস ও তার গবেষণামূলক চরিত্র, আজ আমি বিভিন্ন পত্রপত্রিকা থেকে পড়ে নিজে যতটুকু উপলব্ধি করতে পেরেছে। সেটুকু আপনাদের সম্মুখে আমার কলমে পরিবেশন করছি। ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# অসীম শক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(ষষ্ঠ পর্ব)



তার নাম হয়েছে তারাপীঠ। তারাপীঠের মন্দিরের দু'শো বছর পূর্ণ হল। সুতরাং দেখা যাচ্ছে, কথাটা আংশিক সত্য। কেননা তারাপীঠের মন্দিরের ইতিহাসকে দুশো বছরের মধ্যে আটকানো যায় না। তার ইতিহাস প্রাচীন, আবছায়া, অস্পষ্ট এক অতীতের মধ্যে মিশে আছে। একদিকে পুরাণ আর একদিকে ইতিহাস। একদিকে লোককথা, অন্যদিকে দলিল। সব মিলেই তারাপীঠের মন্দির এবং তারামায়ের কাহিনী একাকার হয়ে গিয়েছে। ইতিহাসকার শুধু প্রমাণ খুঁজতে গেলে অতীতের আবছায়া কাহিনীগুলোকে অস্বীকার করতে হয়। কিন্তু তা সম্ভব নয়। যুগ যুগ ধরে ভক্তপ্রাণ বাঙালি হৃদয় সেসব আত্মসাৎ করে বসে আছে। তাই আপাতভাবে মন্দিরের দু'শো বছর কথাটা আংশিক সত্য। ইতিহাসকার থাকুন ইতিহাস নিয়ে, ভক্ত থাকুন তাঁর আপন বিশ্বাসে। এই বিশ্বাসের উপরে অবলম্বন করেই মা ইচ্ছায় এই মন্দিরটি তৈরি হয় তারাপীঠ।

এভাবেই তারাপীঠে প্রথম মন্দির নির্মাণ হয়। শুরু হয় মায়ের ভোগরাগ। কিন্তু তার আগে থেকেই এই স্থান তারামায়ের বিরাজক্ষেত্র। পুরাণেও এই স্থানের বর্ণনা মেলে। এখানকার সিদ্ধ শ্মশানে বহু সাধুসন্ত সিদ্ধিলাভ করেছেন।

পুরাণের সেই দক্ষযজ্ঞের কাহিনী আমরা জানি। পতিনিন্দা সহ্য করতে না পেরে দক্ষের যজ্ঞাগারে আত্মাহুতি দেন সতী। সেকথা শুনে শিব সতীর দেহ নিয়ে সবকিছু লণ্ডভণ্ড করতে শুরু করেন। শিবকে থামাতে বিষ্ণু তাঁর চক্র দিয়ে সতীর দেহ খণ্ডবিখণ্ড করেন। সেই দেহখণ্ডগুলি বিভিন্ন জায়গায় ছড়িয়ে পড়ে এবং সেখানে এক একটি সতীপীঠ গড়ে ওঠে। সতীর ঊর্ধ্ব নয়নতারা বা প্রজ্ঞানয়ন পড়েছিল তারাপীঠের সেই শ্বেতশিমূল গাছের নীচে। পুরাণের কাহিনী থেকে আরও জানা যায়, সতীহারা শিব দেবীকে কামনা করে এখানে এসে সাধনা করেন। তিন লক্ষ জপ করেছিলেন। তাঁর সাধনায় তুষ্ট হয়ে তারা বলেছিলেন, তিনি আবার উমারূপে তাঁর কাছে স্ত্রী রূপে যাবেন। আরও জানা যায়, মহামুনি বশিষ্ঠ বিষ্ণুর দ্বারা আদিষ্ট হয়ে এখানে এসে সাধনা করেছিলেন। সেই শ্বেতশিমুল ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# ভারতের উপর কানাডার নিষেধাজ্ঞায় কারা বেশি ক্ষতিগ্রস্থ হবে?

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কানাডা ও ভারতের মধ্যে যে সঙ্কট দেখা গিয়েছে তার শেষটা ঠিক কোথায়, তা অনুমান করা সহজ নয়। আগামী বছরের অক্টোবর মাসে কানাডায় সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হতে চলেছে এবং জাস্টিন ট্রুডো যদি আবারও নির্বাচনে জেতেন, তাহলে ভারত সম্পর্কে তার অবস্থান পরিবর্তন হওয়ার সম্ভাবনা কমই রয়েছে বলে মনে করা হচ্ছে।

মঙ্গলবার কানাডার পররাষ্ট্রমন্ত্রী মেলানি জোলি জানিয়েছিলেন, ভারতের সঙ্গে সে দেশের বর্তমান সম্পর্কের প্রেক্ষিতে তাদের কাছে বিভিন্ন বিকল্প রয়েছে। তার মধ্যে একটা হলো, ভারতের উপর নিষেধাজ্ঞা জারি করা। কানাডার গুরুত্বপূর্ণ শিখ নেতারাও ভারতের উপর প্রতিবন্ধকতা বা নিষেধাজ্ঞা জারি করার দাবি তুলছেন। এই তালিকায় থাকা নেতাদের মধ্যে উল্লেখযোগ্য হলেন নিউ ডেমোর্ক্যাটিক পার্টির জগমিত সিং, যার সমর্থন নিয়ে জাস্টিন ট্রুডোর সরকার প্রায় চার বছর ধরে চলেছিল।

সেপ্টেম্বর মাসে জাস্টিন ট্রুডোর সরকারের উপর থেকে সমর্থন প্রত্যাহার করে নেন জগমিত সিং। তবে ভারতের সঙ্গে কানাডার উত্তেজনা বাড়ার পর আবারও জাস্টিন ট্রুডোর সঙ্গে দেখা যাচ্ছে তাকে। চলতি সপ্তাহের সোমবার একটা সাংবাদিক সম্মেলনে শিখ বিচ্ছিন্নতাবাদী নেতা হরদীপ সিং নিজ্জর হত্যাকাণ্ডের তদন্তে সহযোগিতা না করার জন্য ভারত সরকারকে দায়ী করেছেন কানাডার প্রধানমন্ত্রী ট্রুডো। ভারতের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ তুলেছেন তিনি।

এদিকে খালিস্তান পন্থী নেতা হরদীপ সিং নিজ্জরের হত্যা মামলায় কানাডার অবস্থান নিয়ে ভারতও ব্যাপক ক্ষুব্ধ। দিল্লিতে কানাডিয়ান মিশন থেকে ছয়জন কূটনীতিককে বহিষ্কার করেছে ভারত এবং কানাডা থেকে হাইকমিশনারসহ অন্যান্য কূটনীতিকদেরও প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়েছে। অন্যদিকে কানাডার পাল্টা দাবি, ছয়জন ভারতীয় কূটনীতিককে তাদের পক্ষ থেকে বহিষ্কার করা হয়েছে। দুই দেশের সম্পর্কে যে চরম অবনতি ঘটেছে এই বিষয়টা বেশ স্পষ্ট। এখন প্রশ্ন হলো এই আবহে কানাডা যদি ভারতের বিরুদ্ধে সত্যিই নিষেধাজ্ঞা আরোপ করে, তাহলে কে বেশি ক্ষতিগ্রস্ত হবে?

**দুই দেশের সম্পর্ক কতটা গভীর?**

দুই দেশের বিষয়ে খোঁজখবর রাখেন এমন অনেকের মতে, ভারত এবং পাকিস্তানের সম্পর্কের চেয়েও ভারত-কানাডার সম্পর্ক এই মুহূর্তে বেশি খারাপ। মার্কিন থিংক ট্যাংক 'দ্য উইলসন সেন্টার'-এর দক্ষিণ এশিয়া ইনস্টিটিউটের পরিচালক মাইকেল কুগেলম্যানও মনে করেন, বর্তমান পরিস্থিতিতে দাঁড়িয়ে কানাডার সঙ্গে ভারতের সম্পর্ক ভারত-পাকিস্তানের সম্পর্কের চেয়েও খারাপ।

তবে ভারতের স্ট্র্যাটেজিক অ্যাফেয়ার্স বিশেষজ্ঞ ব্রহ্মা চেলানি তেমনটা মনে করেন না। বৃহস্পতিবার ইংরেজি নিউজ চ্যানেলওইন্ডিয়া টুডে-র এক অনুষ্ঠানে চেলানিকে বলতে শোনা গিয়েছিল, "আমি বিশ্বাস করি না যে ভারত ও কানাডার মধ্যে সম্পর্ক ভারত-পাকিস্তান সম্পর্কের চেয়ে খারাপ হয়েছে।" "কানাডা ও ভারতের সাধারণ মানুষের মধ্যে যোগাযোগ এখনও অনেকটাই গভীর। ভারত ও কানাডার মধ্যে বাণিজ্য ক্রমশ বাড়ছে। কানাডার বাণিজ্য উদ্বৃত্ত রয়েছে। ভারত এবং পাকিস্তানের মধ্যে কিন্তু এমন কিছুই নেই।"

'থিঙ্ক ট্যাঙ্ক ব্রুকিংস ইনস্টিটিউট'-এর সিনিয়র ফেলো তনভি মদন। কানাডার সঙ্গে ভারতের সম্পর্ক যে ভারত-পাকিস্তানের সমীকরণের চাইতেও বেশি খারাপ, সেটা মানতে তিনিও নারাজ। ব্রহ্মা চেলানির মন্তব্যের ভিডিও ক্লিপ সামাজিক যোগাযোগ মাধ্যমে পুনরায় পোস্ট করে তানভি মদন লিখেছেন, "সৌভাগ্যক্রমে কেউ একজন যৌক্তিকভাবে এই তত্ত্ব খারিজ করেছেন যে ভারত-পাকিস্তানের সম্পর্কের চেয়েও বেশি খারাপ হয়েছে ভারত-কানাডার সম্পর্ক। দশ লক্ষ ভারতীয় পাকিস্তানে বসবাস করেন না। পাকিস্তানের পেনশন তহবিল ভারতে বিনিয়োগ করছে না এবং পাকিস্তান-ভারত বাণিজ্য গত এক দশকে ৬২ শতাংশ বৃদ্ধি পায়নি।"

**কানাডিয়ান পেনশন ফান্ডের ভারতে বিনিয়োগ**

ভারত থেকে লক্ষ লক্ষ শিক্ষার্থী কানাডায় শিক্ষা লাভের জন্য যান। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২৩ সালের ডিসেম্বর মাসের নথি অনুসারে, ভারতের দুই লক্ষ ৩০ হাজার শিক্ষার্থী ওই দেশে পড়াশোনা করছেন। ১৮ লক্ষ ভারতীয় বংশোদ্ভূত মানুষ কানাডার নাগরিক এবং দশ লক্ষ ভারতীয় ওই দেশে বসবাস করেন। প্রসঙ্গত, কানাডা সেই দেশগুলোর তালিকায় রয়েছে যেখানে বিপুল সংখ্যক ভারতীয় বাস করেন।

এই প্রেক্ষাপটে ভারতীয়দের কাছে কানাডা একটা গুরুত্বপূর্ণ দেশ হয়ে উঠেছে। সাম্প্রতিক সময়ে দুই দেশের মাঝে উত্তেজনা বৃদ্ধির সরাসরি প্রভাব পড়বে সেখানে বসবাসকারী ভারতীয়দের ওপর। অন্যদিকে এটাও উল্লেখযোগ্য যে ভারতীয় শিক্ষার্থীরা সে দেশে শিক্ষাগ্রহণের জন্য যাওয়ার ফলে কানাডা আর্থিকভাবে উপকৃত হয়। বর্তমান পরিস্থিতির নিরিখে কানাডা যদি ভারতের উপর নিষেধাজ্ঞা আরোপ করে, তাহলে দুই দেশের মধ্যে যে গভীর অর্থনৈতিক সম্পর্ক রয়েছে সেটা ধাক্কা খেতে পারে বলে মনে করেন বিশেষজ্ঞরা।

কানাডিয়ান পেনশন ফান্ডের কোটি কোটি ডলার ভারতে বিনিয়োগ করা হয়। কানাডিয়ান পেনশন প্ল্যান ইনভেস্টমেন্ট বোর্ড এবং সে দেশের অন্যান্য প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীরা এখনও পর্যন্ত ভারতে মোট ৭ হাজার ৫০০ কোটি ডলার বিনিয়োগ করেছে। ভারত উদীয়মান অর্থনীতির দেশ এবং এমনটা আশা করা হয় যে কানাডিয়ান পেনশন ফান্ডের ওই বিনিয়োগ এখনই বন্ধ হবে না।

অন্যদিকে, ভারতে কানাডার ৬০০টিরও বেশি সংস্থার উপস্থিতি রয়েছে। ১০০০-এরও বেশি কানাডিয়ান সংস্থা সক্রিয়ভাবে ভারতের সঙ্গে ব্যবসা করছে। কানাডায় ভারতীয় সংস্থাগুলো তথ্যপ্রযুক্তি, সফটওয়্যার ডেভেলপমেন্ট, ইস্পাত, প্রাকৃতিক সম্পদ এবং ব্যাংকিং সেক্টরে সক্রিয়ভাবে কাজ করছে।

**ব্যবসায়িক সম্পর্কের নিরিখে কার পাল্লা ভারী?**

ভারত প্রধানত কানাডায় রত্ন, গয়না, মূল্যবান পাথর, ওষুধ, তৈরি পোশাক, জৈব রাসায়নিক এবং হালকা প্রকৌশল পণ্য রফতানি করে থাকে। আর কানাডা থেকে ডাল, নিউজপ্রিন্ট, কাঠের মণ্ড, অ্যাসবেস্টস, পটাশ, লোহার স্ক্র্যাপ, তামা, খনিজ এবং শিল্প রাসায়নিক আমদানি করা হয় ভারতে।

ন্যাশনাল ইনভেস্টমেন্ট প্রমোশন অ্যান্ড ফ্যাসিলিটেশন এজেন্সি (ইনভেস্ট ইন্ডিয়া) অনুসারে, ভারতে বিদেশি বিনিয়োগকারী দেশগুলোর মধ্যে কানাডার স্থান রয়েছে ১৮ নম্বরে। ২০২০-২০২১ থেকে ২০২২-২০২৩ পর্যন্ত ভারতে কানাডার মোট বিনিয়োগের পরিমাণ ছিল ৩৩১ কোটি ডলার। যদিও কানাডার এই বিনিয়োগ ভারতের মোট এফডিআইয়ের মাত্র অর্ধ শতাংশ।

নাম প্রকাশে অনিচ্ছুক ভারত সরকারের এক সূত্র বার্তাসংস্থা রয়টার্সকে বলেছে, "কানাডার সঙ্গে ব্যবসায়িক সম্পর্ক নিয়ে এই মুহূর্তে আমরা উদ্বিগ্ন নই। কানাডার সঙ্গে আমাদের দ্বিপাক্ষিক বাণিজ্য খুব একটা বড় নয়।"

"কানাডার পেনশন ফান্ডের যে অর্থ ভারতে বিনিয়োগ করা হয় তা রিটার্নের উপর ভিত্তি করে। ভারত ভালো রিটার্ন পাচ্ছে, তাই আমরা এটা নিয়েও চিন্তিত নই।"

ভারতের বাণিজ্য মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, গত অর্থবছরের ৩১ মার্চ পর্যন্ত কানাডা ও ভারতের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ ছিল ৮৪০ কোটি ডলার। যা আগের অর্থবছরের তুলনায় সামান্য বেশি।

কানাডার বাণিজ্যমন্ত্রী মেরি এনজি সোমবার বলেন, "আমি ব্যবসায়ী গোষ্ঠীগুলোকে আশ্বস্ত করতে চাই যে আমাদের সরকার ভারতের সঙ্গে ব্যবসায়িক সম্পর্কের ক্ষেত্রে সম্পূর্ণ রূপে প্রতিশ্রুতিবদ্ধ।"

**প্রকৃত সমস্যা কি প্রধানমন্ত্রী ট্রুডো?**

অগাস্ট মাসে কানাডা ভারতে ২৭.৯০ কোটি ডলার অর্থমূল্যের রফতানি করেছিল এবং ভারত থেকে আমদানি করেছিল ৩২.৪ কোটি ডলারের। এই সংখ্যা কিন্তু গত বছরের অগাস্ট মাসের তুলনায় ১৪ শতাংশ বেশি।

অজয় বিসারিয়া ২০২০ থেকে ২০২২ সাল পর্যন্ত কানাডায় ভারতের হাই কমিশনার ছিলেন। ইংরেজি পত্রিকা হিন্দুস্তান টাইমসকে তিনি বলেন, "আমার মনে হয় না বাণিজ্য ও বিনিয়োগে এর কোনও প্রভাব পড়বে। ভারতের সমস্যা কিন্তু ট্রুডো, কানাডা নয়। দুই দেশই স্পষ্টভাবে জানিয়ে দিয়েছে যে বাণিজ্য, ভিসা ও সাধারণ মানুষের মধ্যে যোগাযোগের ক্ষেত্রে কোনও বাধা থাকা উচিৎ নয়।"

২০২২ সালের মার্চ মাসে দুই দেশের মধ্যে মুক্ত বাণিজ্যের বিষয়ে চুক্তি নিয়েও আলোচনা শুরু হয়। গত বছর পর্যন্ত এ নিয়ে দুই দেশের মধ্যে নয় দফা আলোচনা হলেও এখন সমস্ত আলাপ-আলোচনা বন্ধ হয়ে গিয়েছে।

তবে বিষয়টা শুধুমাত্র ব্যবসা নিয়েই নয়। গণতন্ত্রে নির্বাচনে জেতার জন্য বেশি ভোটের প্রয়োজন হয় এবং ভোট ব্যাঙ্কের রাজনীতিতে বিভিন্ন সম্প্রদায়ের ভাবাবেগের দিকেও খেয়াল রাখতে হয়। ২০২১ এর পরিসংখ্যান বলছে, কানাডার জনসংখ্যার ২.১% শিখ সম্প্রদায়ভুক্ত। ২০০১ সাল থেকে ২০২১ পর্যন্ত, গত ২০ বছরে কানাডায় শিখ জনসংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। । এর মধ্যে বেশিরভাগই শিক্ষা, ক্যারিয়ার, চাকরির মতো কারণে পাঞ্জাব থেকে কানাডায় পাড়ি দিয়েছেন।

কানাডায় বসবাসরত শিখ জনসংখ্যার অর্ধেকেরও বেশি টরন্টো এবং ভ্যাঙ্কুভারে বাস করে। শিখ ভোটব্যাংককে মাথায় রেখে এই সমস্ত এলাকা বেশ গুরুত্বপূর্ণ।

ভারতের দাবি, প্রধানমন্ত্রী ট্রুডো তার রাজনৈতিক এজেন্ডার কারণে কানাডায় খালিস্তান সমর্থকদের পক্ষে কথা বলছেন। প্রসঙ্গত, জগমিত সিংয়ের দল নিউ ডেমোর্ক্যাটিক পার্টির সমর্থন নিয়েই চলছিল ট্রুডোর সরকার। সেপ্টেম্বর মাসে সেই সমর্থন প্রত্যাহার করে নেওয়া হয়। তবে সমর্থন প্রত্যাহার করে নিলেও সংসদে আস্থা প্রস্তাবে জয় লাভ করতে সক্ষম হন প্রধানমন্ত্রী ট্রুডো।

২০২৫ সালের অক্টোবরে কানাডায় নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা এবং জাস্টিন ট্রুডো চান কানাডায় বসবাসকারী শিখ সম্প্রদায় তাকে সমর্থন করুক।



# সিনেমার খবর

## বাবা সিদ্দিক খুনের পর আতঙ্কে সালমান খান, বাড়ল নিরাপত্তা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ভারতের মহারাষ্ট্রের সাবেক মন্ত্রী অজিত পাওয়ারের দল এনসিপির নেতা বাবা সিদ্দিক খুন হয়েছেন। এ ঘটনায় সালমান খানকে এর আগে হত্যার হুমকি দেয়া এবং পাঞ্জাবের সংগীত শিল্পী সিধু মুসেওয়ালা হত্যায় জড়িত মুম্বাইয়ের গ্যাংস্টার লরেন্স বিষ্ণোইয়ের সংশ্লিষ্টতা রয়েছে বলে জানিয়েছে পুলিশ।

এ ঘটনার পর বলিউড সুপারস্টার সালমান খানের বাড়ির নিরাপত্তাও বৃদ্ধি করা হয়েছে।

গভীর রাতে লীলাবতী হাসপাতালে গিয়ে সমবেদনা জানাতে প্রয়াত সিদ্দিকের পরিবারের সাথে দেখা করেন সালমান খান। এছাড়া বাড়ানো হয়েছে সালমানের বাড়ির নিরাপত্তাও।

জানা গেছে, ওই গ্যাংয়ের এক সদস্যের পোস্ট ভাইরাল হয়েছে সোশ্যাল মিডিয়ায়। সেখানে বলিউড সুপাস্টার সালমান খানের উদ্দেশে হুমকি দেওয়া হয়েছে। সেই সঙ্গে মেনে নেওয়া হয়েছে, বাবা সিদ্দিকের খুনে তারা জড়িত। বিষ্ণোই গ্যাংয়ের ওই সদস্যের পোস্টে লেখা হয়েছে, 'সালমান খান, আমরা এই লড়াই চাইনি। কিন্তু আপনার জন্য আমাদের ভাই প্রাণ হারিয়েছে। বাবা সিদ্দিক এক সময় দাউদ ইব্রাহিমের সঙ্গে কাজ করেছেন। এখন ভদ্র সেজেছিলেন। দাউদ এবং অনুজ থাপানের সঙ্গে ওর সম্পর্কই ওর মৃত্যুর কারণ। কারও সঙ্গে আমাদের ব্যক্তিগত কোনও শত্রুতা নেই। কিন্তু সালমান খান বা দাউদের গ্যাংকে যারা সাহায্য করেন, তারা সাবধান। আমাদের কোনও ভাইয়ের গায়ে কেউ হাত দিলে, আমরা শাস্তি দেব। আমরা প্রথমে মারি না। প্রতিশোধ নিই।'

৬৬ বছরের বর্ষীয়ান নেতাকে শনিবার দশেরার অনুষ্ঠান চলাকালীন গুলি করে খুন করা হয়। তিন জন হত্যাকারী গুলি চালিয়েছিল বলে অভিযোগ রয়েছে। তাদের মধ্যে দু'জনকে গ্রেপ্তার করা হয়েছে ইতোমধ্যেই। হরিয়ানার গুরমেল সিংহ এবং উত্তরপ্রদেশের ধরমরাজ কাশ্যপের সঙ্গে তৃতীয় জনকেও চিহ্নিত করেছে পুলিশ। তার নাম শিব কুমার। তিনিও উত্তরপ্রদেশের বাসিন্দা বলেই জানতে পেরেছে পুলিশ। তার খোঁজ চলছে। পুলিশ জানিয়েছে, এই তিন জন ছাড়াও আরও এক জন এই চক্রান্তের সঙ্গে জড়িত। যিনি নেপথ্যে থেকে পরিকল্পনা করেছিলেন। তাকেও খুঁজছে পুলিশ। পুলিশের তরফে জানানো হয়েছে, কয়েক সপ্তাহ ধরে সিদ্দিককে খুন করার প্রস্তুতি নিয়েছিলেন ওই তিন জন। বাড়ি ভাড়া নিয়ে থাকছিলেন তারা।

আগেই তাদের ৫০ হাজার টাকা অগ্রিম দিয়ে দেওয়া হয়েছিল এই কাজের জন্য। বাকি অর্থ পরে দেওয়ার চুক্তি ছিল। তিন জনই মূলত ভাড়াটে খুনি, জানতে পেরেছেন তদন্তকারীরা।

কুখ্যাত গ্যাংস্টার বিষ্ণোই এখন জেল খাটছেন। কিন্তু তার গ্যাং সক্রিয়। কিছু দিন আগে সালমানের বাড়ির সামনে গুলি চলেছিল। সেই ঘটনাতেও বিষ্ণোই গ্যাংয়ের জড়িত থাকার কথা জানিয়েছিল পুলিশ।

সালমানের বাবা সেলিম খানকেও হুমকি দেওয়া হয় কিছু দিন আগে। সালমানের সঙ্গে বিষ্ণোই গ্যাংয়ের বিবাদ অনেক দিনের। সিদ্দিকের খুনের সঙ্গে সেই বিবাদের সম্পর্ক রয়েছে কি না, তা খতিয়ে দেখছে পুলিশ।

## পুরুষতান্ত্রিক ইন্ডাস্ট্রিতে নিজেকে টিকিয়ে রাখা কঠিন : কারিনা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউড অভিনেত্রী কারিনা কাপুর বলেছেন, 'বলিউডে নিজেকে নতুন করে আবিষ্কার করার থেকে টিকিয়ে রাখা আরও কঠিন। পুরুষতান্ত্রিক ইন্ডাস্ট্রিতে নিজেকে টিকিয়ে রাখার জন্য সব সময় নতুনত্ব কিছু নিয়ে আসতে হয়। আমি ছাড়াও এমন অনেক অভিনেত্রী রয়েছেন, যারা বছরের পর বছর নিজেকে টিকিয়ে রাখতে পেরেছেন। তবে এর জন্য প্রতি পাঁচ বছরে নিজেকে প্রশ্ন করতে হয়, আমি নতুন কি দিতে পারলাম ইন্ডাস্ট্রিকে?'

ফিল্ম ইন্ডাস্ট্রিতে ২৫ বছর পূর্তি উপলক্ষে এক সাক্ষাৎকারে তিনি একথা বলেন। কারিনা কাপুর বলেন, 'আমি এমন একটি পরিবার (কাপুর) থেকে এসেছি, যেখানে আমাকে চ্যালেঞ্জ করা হয়েছে। কারণ তারা সবাই বড় অভিনেতা। তবে আমি কোথাও আমার চিহ্ন রেখে যেতে চাই। তিনি বলেন, প্রতি ১০ বছর পর সেখানে নতুন কেউ আসে, তাহলে আমি কীভাবে স্থায়ী হব?'

কারিনা বলেন, 'নিজেকে টিকিয়ে রাখা খুব কঠিন। তাই আমি বেছে বেছে কাজ করি। সেটি বাকিংহাম মার্ডারস, সিংগাম, ক্রু বা জানে জান, এগুলো সব স্ট্রিমিং প্ল্যাটফর্মে দেখা যাচ্ছে। আমি মনে করি, এটি বড়পর্দাতেও দুর্দান্ত হিট করত।'

## আবারও মা হবেন আলিয়া ভাট!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** আবারও মা হওয়ার ইচ্ছা পোষণ করেছেন বলিউডের বর্তমান সময়ের অন্যতম সেরা অভিনেত্রী আলিয়া ভাট। রণবীর-আলিয়ার বিয়ে হয়েছে প্রায় দুই বছর। এর মাঝে একটা কন্যা সন্তানের জন্ম দিয়েছেন আলিয়া। গত বছরের নভেম্বরে তাঁদের কোলজুড়ে আসে সন্তান রাহা। বর্তমানে এই কাপলের সংসার সুখেই কাটছে। কিন্তু ভবিষ্যতে কি আবারও মা হবেন? এমন প্রশ্নের উত্তরে এবার এক গণমাধ্যমের সামনে মুখ খুললেন আলিয়া। আলিয়ার আশা এখনও অনেক ছবিতে করবেন তিনি। তবে শুধু অভিনেত্রী হিসাবে নয়, প্রযোজকের ভূমিকাতেও থাকতে চান এই অভিনেত্রী। এমনকি বিশ্বের নানা জায়গায় ভ্রমণের পরিকল্পনাও রয়েছে তাঁর। এ ছাড়া আলিয়া জীবনে আরও সন্তান দেখতে চান বলে জানিয়েছেন সেই গণমাধ্যমকে। আলিয়া বলেন, সুস্থ, সাধারণ, সুখী ও শান্তিপূর্ণ একটা জীবনযাপন করতে চাই শুধু।



আলিয়ার এই মন্তব্যেই স্পষ্ট হয়, ভবিষ্যতে রাহা বড় বোনের ভূমিকা পালন করতে চলেছে। রাহাকে নিয়েও বেশ কিছু পরিকল্পনা রয়েছে আলিয়ার। নিজের প্রথম ছবি 'স্টুডেন্ট অব দ্য ইয়ার'

কন্যাকে দেখাতে চান অভিনেত্রী। এখনই নয়, উপযুক্ত সময় এলে।

আলিয়ার কথায়, এই ছবিটা বাচ্চারা দেখতে পারে। আর এটাই আমার প্রথম ছবি। যদিও ওই ছবিতে নিজের অভিনয় নিয়ে আমি তেমন গর্ব বোধ করি না। কিন্তু বেশ কিছু গান রয়েছে, যেগুলি রাহার ভাল লাগবে।” রণবীরের 'বরফি' ছবিটিও রাহাকে দেখাতে চান আলিয়া।

বর্তমানে আলিয়া ব্যস্ত তার আসন্ন ছবি 'জিগরা'র প্রচার নিয়ে। এই ছবি করণ জোহরের সঙ্গে যৌথভাবে প্রযোজনা করেছেন তিনি। আলিয়ার ভাইয়ের চরিত্রে দেখা যাবে বেদাঙ্গ রায়নাকে।

## অমিতাভ-ঐশ্বরিয়া সম্পর্কে নতুন মোড়, চমকে গেলেন ভক্তরা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চারদিকে চলছে তীব্র গুঞ্জন। বিচ্ছেদের পথে অভিষেক-ঐশ্বরিয়ার সম্পর্ক। এমনকি গুঞ্জন আছে দূরত্ব সৃষ্টি হয়েছে অমিতাভ বচ্চনের সাথেও। তবে এই গুঞ্জনের মাঝেই অমিতাভকে নিয়ে এমন এক কাণ্ড করে বসলেন সাবেক বিশ্বসুন্দরী ঐশ্বরিয়া যা চমকে দিয়েছে সবাইকে। ভক্তদের অনেকেই ভেবেছিলেন, অভিষেক-ঐশ্বরিয়ার বিচ্ছেদ জল্পনার মাঝে শ্বশুর অমিতাভ বচ্চনের সঙ্গে বুঝি কোনো সম্পর্কই নেই ঐশ্বরিয়ার। তবে শুক্রবার অমিতাভের জন্মদিনে ভক্তরা দেখল নতুন কিছু। সবাই অপেক্ষায় ছিলেন কখন অমিতাভকে জন্মদিনের শুভেচ্ছা বার্তা দেবেন ঐশ্বরিয়া।

অবশেষে জন্মদিনের শেষ বেলায় পুত্রবধূর কাছ থেকে শুভেচ্ছা পেলেন অমিতাভ। এতে অনুরাগীরাও বেশ চমকে যান। এদিন সামাজিক মাধ্যমে ঐশ্বরিয়া কন্যা আরাধ্যা ও অমিতাভের ছবি পোস্ট করে বচ্চনের পুত্রবধূ লেখেন, 'শুভ জন্মদিন পা-দাদাজি। ভগবান তোমার মঙ্গল করুন।'

অনুরাগীরা অভিষেক-ঐশ্বরিয়ার বিষয়টা তুলেও মন্তব্যও করেছেন। এক নেটিজেন লিখেছেন, 'এটারই অপেক্ষায় ছিলাম- আশা করি সব অন্ধকার কেটে যাবে বচ্চন-অ্যাশের।'

প্রসঙ্গত, বচ্চন-ঐশ্বরিয়ার সমীকরণ নিয়ে নানা প্রশ্ন উঠেছে কয়েক মাস ধরে। শোনা যাচ্ছে জুনিয়র বচ্চন অর্থাত অভিষেক বচ্চনের সঙ্গে বিবাহবিচ্ছেদ হতে চলেছে ঐশ্বরিয়া রাই বচ্চনের। নেপথ্যে নাকি রয়েছেন শ্বেতা। শোনা যাচ্ছে, অমিতাভ বচ্চন তার বাংলো শ্বেতার নামে লিখে দেওয়ার পর থেকেই শুরু যত সমস্যা। এখন আর মেয়ে আরাধ্যা বচ্চনকে নিয়ে একই বাড়িতে থাকেন না তারা। নিজের ফ্ল্যাটে আলাদা থাকেন। তবে এখনও পর্যন্ত বিচ্ছেদ প্রসঙ্গে কেউ কোনও মন্তব্য করেননি।

এদিকে গত ১১ অক্টোবর ৮২ বছরে পা দিলেন অভিনেতা অমিতাভ বচ্চন। সারাদিন সবাই তাকে জন্মদিনের শুভেচ্ছা জানিয়েছেন। প্রচুর ইনস্টাগ্রামে শুভেচ্ছা বার্তা এসেছে। জলসার সামনে ভিড় জমিয়েছিলেন বিগ বি'র অসংখ্য ভক্ত।

## ৩৩ বছর পর হলেও কথা রেখেছেন অমিতাভ-রজনীকান্ত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দুজনই ভারতীয় সিনেমার ইতিহাসে সবচেয়ে বড় দুই সুপারস্টার অমিতাভ বচ্চন-রজনীকান্ত। ক্যারিয়ারের শুরুতে একসঙ্গে কাজও করেছেন কয়েকটি হিট চলচ্চিত্রে। এরপর কেটে গেছে ৩৩ বছর আর একসঙ্গে পর্দায় ফেরা হয়নি এই দুই কিংবদন্তির।

তবে দীর্ঘ এ বিরতির পর জনপ্রিয় দুই তারকাকে পাওয়া গেল এক সিনেমায়। টি জে জ্ঞানভেল পরিচালিত 'ভেটাইয়ান' মুক্তি পেয়েছে গত বৃহস্পতিবার। পর্দায় দুই তারকার পুনর্মিলন ছাড়াও ভক্তদের জন্য ছিল আনন্দের আরও একটি উপলক্ষ।

'ভেটাইয়ান' পুলিশি তদন্ত ধরনের সিনেমা। এক শিক্ষিকা ধর্ষণের শিকার হয়। সেই ঘটনার তদন্ত শুরু করে এসপি আথিয়ান ওরফে আথি (রজনীকান্ত)। কিন্তু তদন্ত করতে গিয়ে এনকাউন্টারের সময় তার হাতে মারা যায় এক নিরপরাধ ব্যক্তি। ঘটনা মোড় নেয় ভিন্ন দিকে।

এ সিনেমায় মূলত নির্মাতা টি জে জ্ঞানভেল পুলিশের বিচারবহির্ভূত হত্যাকাণ্ড নিয়ে বার্তা দিতে চেয়েছেন। সমালোচকেরা মনে করেন, বাস্তবঘেঁষা গল্প হওয়ায় ছবিটি তরুণ প্রজন্মও পছন্দ করবে।

রজনীকান্ত, অমিতাভ বচ্চন ছাড়াও এ ছবিতে নির্মাতা কার্যত তারকার সমাবেশ ঘটিয়েছেন। আছেন ফাহাদ ফাসিল, রান্না দুগ্গাবতি, মঞ্জু ওয়ারিয়রের মতো তারকারা।

টেনিস: উহান ওপেন

# চিংওয়ানকে হারিয়ে হ্যাটট্রিক শিরোপা সাবালেঙ্কার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চীনের জং চিংওয়ানকে হারিয়ে আবারও উহান ওপেন জিতলেন বেলারুশের তারকা আরিনা সাবালেঙ্কা। এ নিয়ে হ্যাটট্রিক শিরোপা জিতলেন তিনি। ফেভারিট হিসেবে ঘরের মাঠে রবিবারের ফাইনালে নেমেছিলেন চিংওয়ান। কিন্তু প্রথম সেটে পাত্তাই পাননি তিনি, ৩৮ মিনিটে জিতে নেন শীর্ষ বাছাই সাবালেঙ্কা। দ্বিতীয় সেট জিতে ঘুরে দাঁড়ানোর আভাস দিলেও, শেষ পর্যন্ত পেরে ওঠেননি চিংওয়ান।

৬-৩, ৫-৭, ৬-৩ গেমে ম্যাচ জিতে প্রথম খেলোয়াড় হিসেবে টানা তিনবার উহান ওপেন জয়ের কীর্তি গড়েন ২৬ বছর বয়সী সাবালেঙ্কা।

এই টুর্নামেন্টের এককে সবচেয়ে বেশি শিরোপা জয়ের রেকর্ডও নিজের করে নিলেন তিনি, ছাড়িয়ে গেলেন দুইবার জেতা চেক রিপাবলিকের পেত্রা কেভিতোভাকে। ফাইনালে চিংওয়ানকে হারিয়েই বছরের শুরুতে অস্ট্রেলিয়ান ওপেন জেতেন সাবালেঙ্কা। পরে তিনি ইউএস ওপেন জিতে নেন যুক্তরাষ্ট্রের জেসিকা পেগুলাকে হারিয়ে।

এবারের অলিম্পিকে সোনা জেতা চিংওয়ানের বিপক্ষে চারবারের দেখায় প্রতিবারই জিতলেন তিনবারের গ্র্যান্ড স্ল্যাম জয়ী সাবালেঙ্কা। উহানে তিনি জিতলেন টানা ১৭ ম্যাচ, এখানেও ভেঙে দিলেন কেভিতোভার রেকর্ড।

মেয়েদের এককে এক বছরে সাবালেঙ্কার শিরোপা হলো ৪টি।

# ইংল্যান্ডকে ১৫২ রানে হারিয়ে সমতায় ফিরলো পাকিস্তান



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** সাম্প্রতিক সময়ে টেস্টে পাকিস্তানের দুর্দশার যেন শেষই হচ্ছিল না। প্রথমে বাংলাদেশের বিরুদ্ধে টেস্ট সিরিজ□ে হলো ধবলধোলাই। এরপর ইংল্যান্ডের বিরুদ্ধে প্রথম টেস্টে হার। দ্বিতীয় টেস্টে নোমান আলীর অসাধারণ বোলিংয়ে সফরকারীদের ১৫২ রানের বড় ব্যবধানে হারালো পাকিস্তান।

চতুর্থ ইনিংসে ২৯৭ রানের লক্ষ্যে খেলতে নেমে ম্যাচ জিততে শেষ দুই দিনে ইংল্যান্ডের প্রয়োজন ছিল ২৬১ রান। বিপরীতে পাকিস্তানের দরকার ছিল ইংল্যান্ডের ৮ উইকেট। দুই উইকেটে ৩৬ রান নিয়ে দিন শুরু করা দলটি আজ শুক্রবার দ্বিতীয় ওভারেই হারিয়েছে অলি পোপের উইকেট। ৩৮ বলে ২২ রান করা পোপকে কট এন্ড বোল্ড করে ফেরান সাজিদ খান। দলীয় ১৬ ওভারের মধ্যে জো রুটকেও বিদায় করেন নোমান।

৩৪ বলে ১৮ রান করা রুটকে লেগ বিফোর উইকেটের ফাঁদে ফেলেন নোমান। কয়েক ওভার পর ঠিক একইভাবে হ্যারি ব্রুককে ফেরান নোমান। আগের টেস্ট তিনশ করা ব্রুক এ দিন ২১ বলে ১৬ রান করে ফেরেন। ১০ বলে ছয় রান করা জেমি স্মিথকেও টিকতে দেননি নোমান। এরপর অবশ্য পাকিস্তানের দুশ্চিন্তা বাড়ান বেন স্টোকস এবং ব্রাইডন কার্স। দুজনের জুটিতে চিন্তায় পড়ে স্বাগতিকরা। তবে ৩৭ রানের বেশি তুলতে পারেননি তারা।

নোমানকে মিড উইকেটে মারতে গিয়ে স্টাম্পিং হয়ে বিদায় নেন স্টোকস। ৩৬ বলে ৩৭ রানের ইনিংস খেলেন তিনি। এরপর উইকেট হারাতে হারাতে ১৪৪ রানে গুঁটিয়ে যায় ইংল্যান্ডের ইনিংস। এ দিন একাই সাত উইকেট নেন নোমান। আর এই ইনিংসে মাত্র ৪৬ রান খরচায় আট উইকেট নেন তিনি।

এই টেস্টে বাবর আজমের বদলে দলে আসেন কামরান ঘুলাম। অভিষেক টেস্টেই শতরান করেন তিনি। ফলে ৩৬৬ রানের বিশাল সংগ্রহ পায় পাকিস্তান। জবাবে ব্যাট করতে নেমে ইংল্যান্ড শেষ হয়ে যায় ২৯১ রানে। দলটির হয়ে ওপেনার বেন ডাকেট করেন ১১৪ রান।

বাকি ব্যাটাররা তেমন রান পাননি। পাকিস্তানের হয়ে অফ স্পিনার সাজিদ খান তুলে নেন ৭ উইকেট। নোমান নেন বাকি তিন উইকেট। দ্বিতীয় ইনিংসে ২২১ রান করে পাকিস্তান। সালমান আঘা করেন ৬৩ রান। এই ম্যাচে পাকিস্তানের হয়ে দুই ইনিংস মিলিয়ে বিশ উইকেট নেন স্পিনাররা। নোমান নেন ১১টি, সাজিদ নেন নয়টি। সিরিজ নির্ধারণী টেস্ট রাওয়ালপিন্ডিতে আগামী বৃহস্পতিবার থেকে।

সংক্ষিপ্ত স্কোর-
পাকিস্তান ১ম ইনিংস: ৩৬৬
ইংল্যান্ড ১ম ইনিংস: ২৯১
পাকিস্তান ২য় ইনিংস: ২২১
ইংল্যান্ড ২য় ইনিংস: (লক্ষ্য ২৯৭, আগের দিন ৩৬/২) ৩৩.৩ ওভারে ১৪৪ (পোপ ২২, রুট ১৮, ব্রুক ১৬, স্টোকস ৩৭, স্মিথ ৬, কার্স ২৭, পটস ৯*, লিচ ১, বাশির ০; সাজিদ ১৭-০ -৯৩-২, নোমান ১৬.৩-১-৪৬-৮)।
ফল: পাকিস্তান ১৫২ রানে জয়ী।
সিরিজ: তিন ম্যাচ সিরিজের দুটি শেষে ১-১ সমতা।
ম্যান অব দা ম্যাচ: সাজিদ খান।

পেলে-মারাদোনার প্রতি শ্রদ্ধা রেখেই গুয়ার্দিওলা বললেন,

# মেসিই সর্বকালের সেরা



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ২০০৮ থেকে ২০১২ পর্যন্ত ফুটবল ক্লাব বার্সেলোনায় জুটি ছিলেন লিওনেল মেসি ও পেপ গুয়ার্দিওলা। ইতিহাসের সর্বকালের অন্যতম সেরা দল হওয়ার পথে এই দুজনের ভূমিকা ছিল অগ্রগন্য। বর্তমানে দু'জন দুই ঠিকানায়। ম্যানচেস্টার সিটিকে একের পর এক সাফল্য এনে দিচ্ছেন স্প্যানিশ কোচ। অন্যদিকে ৩৭ বছর বয়সেও আর্জেন্টিনা ও ইন্টার মায়ামির হয়ে আলো ছড়াচ্ছেন মেসি।

দুজনের পথ আলাদা হয়ে গেলেও সুযোগ পেলেই মেসির প্রসংশা করতে কার্পণ্য করেন না গুয়ার্দিওলা। ইতালিয়ান টিভিকে দেওয়া এক সাক্ষাৎকারে আবারও তিনি কথা বলেন এক সময়ের প্রিয় শিষ্যকে নিয়ে।

ইতিহাসের সর্বকালের সেরা ফুটবলার কে? এমন প্রশ্নের জবাবে মেসির নামই উল্লেখ করলেন ৫৩ বছর বয়সী গুয়ার্দিওলা। উত্তরের স্বপক্ষে যক্তিও তুলে ধরেন সময়ের অন্যতম সেরা এই কোচ।

“প্রথমত, মেসির মতো কাউকে আগে ভালোভাবে জানতে হবে, তাহলে বুঝবেন আমার পক্ষে এটা বলা সহজ। সব সময়ের সেরা ফুটবলার মেসিই। এটা হয়ত পেলে বা মারাদোনার মতো কাউকে কম শ্রদ্ধা দেখানোর মতো, কিন্তু লম্বা সময় ধরে তার মতো আধিপত্য দেখিয়েছে এমন কাউকে আমি দেখছি না। সে অনন্য।”

সময়ের সেরার প্রশ্নে উঠে আসে আরও একজনের নাম। তিনি হলেন ক্রিস্তিয়ানো রোনালদো। তবে পর্তুগিজ এই তারকাকে কেবল একজন দুর্দান্ত গোলস্কোরার হিসেবে দেখেন গুয়ার্দিওলা।

“রোনালদো দুর্দান্ত এক খেলোয়াড় এবং অসাধারণ গোলস্কোরার; কিন্তু সে পরিপূর্ণ নয়। এমন কেউ যিনি অবিশ্বাস্য পাস দিবেন, চোখ ধাঁধানো ড্রিবলিং করবেন, গোল বানিয়ে দিবেন এবং গোলও করবেন, আরেকজন কেবল গোল করবেন- এই দুজনের মধ্যে আপনি কাকে বেছে নিবেন?”

“আমার মনে হয় এটা তুলনা করারই মতো না। লিওই একমাত্র খেলোয়াড় যে সব পজিশনে খেলতে পারে। খেয়াল করলে দেখবেন প্রত্যেক খেলোয়াড় একটা নির্দিষ্ট জায়গাতেই খেলেন, একজন প্লে মেকার, একজন ফরোয়ার্ড, একজন উইঙ্গার, একজন মিডফিল্ডার তারা অন্য পজিশনে খেলতে পারেন না। কিন্তু একজনই আছেন, যিনি সব পজিশনেই সমানভাবে খেলতে পারেন। আর সেই খেলোয়াড় হলেন লিওনেল মেসি। অন্য সবার থেকে সে সম্পূর্ণ আলাদা।”

# নৈশক্লাব বিতর্কে সতীর্থদের পাশে পাচ্ছেন এমবাপে



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ইনজুরি কাটিয়ে রিয়াল মাদ্রিদের হয়ে মাঠে ফিরলেও জাতীয় দলের হয়ে বিশ্রামে থাকায় সমালোচনা শুনছিলেন তিনি। বিশ্রামে থাকার সময় নৈশক্লাবে গিয়ে বিতর্কটা আরও বাড়িয়ে দিয়েছেন কিলিয়ান এমবাপে। বিশ্রামে থেকেও জাতীয় দলের অধিনায়ক কেন নৈশক্লাবে, এ নিয়ে নানা কটাক্ষ শুনতে হচ্ছে এমবাপেকে। তবে এসবের মাঝেও সতীর্থদের পাশে পাচ্ছেন ফ্রান্স দলের অধিনায়ক। এ নিয়ে বিভিন্ন মহলের সমালোচনার মুখে ফরাসি অধিনায়কের ঢাল হয়েছেন তার সতীর্থরা। বরং তিলকে তাল করে তোলায় কাঠগড়ায় দাঁড় করিয়েছেন তারা সংবাদমাধ্যমকে।

রিয়াল মাদ্রিদের হয়ে খেলার সময় গত মাসে পেশির চোটে পড়েন এমবাপে। তবে যতটা সময় তাকে বাইরে থাকতে হবে বলে ধারণা করা হচ্ছিল, এর আগেই মাঠে ফিরে আসেন তিনি। চ্যাম্পিয়ন্স লিগ ও লা লিগার ম্যাচে রিয়ালের হয়ে মাঠে নামেন।

অথচ এর আগেই ফ্রান্সের কোচ দিদিয়ে দেশম তাকে জাতীয় দলের বাইরে রাখেন। প্রস্তুতির ঘাটতি ও পুরোপুরি সেরে ওঠার জন্য সময় দিতে নেশন্স লিগে ইসরায়েল ও বেলজিয়ামের বিপক্ষে ম্যাচের স্কোয়াডে নিয়মিত অধিনায়ককে রাখেননি কোচ। এর মধ্যেই সুইডিশ সংবাদমাধ্যমে খবর প্রকাশিত হয়, ইসরায়েলের সঙ্গে ফ্রান্সের ম্যাচের সময়টায় সুইডেনের এক নৈশক্লাবে দেখা গেছে এমবাপেকে। এতে যেন সমালোচনার আগুনে ঘি পড়ে আরও।

সংবাদ সম্মেলনে এমবাপের নৈশক্লাবে যাওয়ার প্রসঙ্গেই প্রশ্ন ছুটে গেল ভেসলে ফোফানার কাছে। ফ্রান্সের এই ডিফেন্ডার বললেন, তাদের অধিনায়কের মাঠের বাইরের এসব কিছু কোনো প্রভাব ফেলেনি দলে।

ফ্রান্সের মিডফিল্ডার মাতেও গেন্দুজিও এমবাপের পক্ষেই মতামত দিয়েছেন, 'এমবাপেকে নিয়ে আমাদের মাঝে কোন সংশয় নেই। দেশের প্রতি তার নিবেদন নিয়েও প্রশ্ন নেই। দেশকে সে ভালোবাসে। সে ছুটিতে আছে, এই সময়ে যে যা খুশি করতে পারে। তার এসব ব্যাপার নিয়ে আমাদের প্রশ্ন করা বন্ধ করতে হবে।;

# ফিনল্যান্ডকে উড়িয়ে জয়ে ফিরল ইংল্যান্ড



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** উয়েফা নেশন্স লিগের ম্যাচে ফিনল্যান্ডকে উড়িয়ে জয়ে ফিরলো ইংল্যান্ড। রবিবার (১৩ অক্টোবর) রাতে ফিনল্যান্ডের হেলসিঙ্কির অলিম্পিক স্টেডিয়ামে স্বাগতিকদের ৩-১ গোলে হারিয়েছে ইংলিশরা।

প্রথমার্ধে সফরকারীদের এগিয়ে নেন চোট থেকে ফেরা জ্যাক গ্রিলিশ। পরে দ্বিতীয়ার্ধে ব্যবধান বাড়ান অ্যালেকজ্যান্ডার-আর্নল্ড ও রাইস। শেষ দিকে স্বাগতিকদের পরাজয়ের ব্যবধান কমান আর্তু হসকনেন।

ম্যাচের শুরু থেকেই বল দখলে আধিপত্য দেখায় ইংল্যান্ড। ১৮ মিনিটেই দলকে এগিয়ে দেন জ্যাক গ্রিলিশ। গোমেসের চমৎকার পাস বক্সে পেয়ে ডান পায়ের নিচু শটে গোল করেন ম্যানচেস্টার সিটির এই ফুটবলার। ইংল্যান্ডের আগের কোচ গ্যারেথ সাউথগেটের কোচিংয়ে ৩৬ ম্যাচে গোল করেছিলেন মাত্র দুটি। আর কার্সলির কোচিংয়ে ৩ ম্যাচেই তিনি করলেন ২ গোল। আর দুটিই ছিল অ্যাওয়ে ম্যাচ। ৫৬ মিনিটে সমতায় ফিরতে পারতো ফিনল্যান্ড। বাঁ দিক থেকে সতীর্থের পাস বক্সের মুখে ফাঁকায় পেয়ে তা উড়িয়ে মারেন ফ্রেদরিক ইয়েনসেন। ইংল্যান্ডের রেকর্ড স্কোরার কেইনকে ৬৯তম মিনিটে তুলে নেন। তার বদলি ওলি ওয়াটকিন্সকে মাঠে নামান কার্সলি। ৭৪তম মিনিটে ২৫ গজ দূর থেকে ফ্রি-কিকে গোল করে ব্যবধান দ্বিগুণ করেন আলেকজ্যান্ডার-আর্নল্ড। ৮৪তম মিনিটে কাছ থেকে পায়ের টোকায় স্কোরলাইন ৩-০ করেন রাইস। নির্ধারিত সময়ের তিন মিনিট বাকি থাকতে ব্যবধান কমান হসকনেন।

পাকিস্তানের বিপক্ষে অস্ট্রেলিয়ার

# ওয়ানডে স্কোয়াড ঘোষণা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পাকিস্তানের বিপক্ষে তিন ম্যাচের ওয়ানডে সিরিজের জন্য ১৪ সদস্যের স্কোয়াড ঘোষণা করেছে অস্ট্রেলিয়া।আগামী মাসে অনুষ্ঠেয় এই সিরিজে দলে ফিরেছেন নিয়মিত অধিনায়ক প্যাট কামিন্স ও অলরাউন্ডার মার্কাস স্টয়নিস। পিতৃত্বকালীন ছুটিতে থাকায় দলে নেই ট্রাভিস হেড ও মিচেল মার্শ। সিরিজে খেলা হচ্ছে না অলরাউন্ডার ক্যামেরন গ্রিনের। অস্ত্রোপচারের কারণে লম্বা সময় অজিদের হয়ে মাঠে নামা হবে না এই অলরাউন্ডারের। ক্যারি না থাকায় পাকিস্তান সিরিজে একমাত্র উইকেটরক্ষক ব্যাটার জশ ইংলিশ। কামিনসের মতো মার্কাস স্টয়নিসও ওয়ানডেতে ফিরেছেন প্রায় এক বছর পর। স্টয়নিস সবশেষ ওয়ানডে খেলেছেন ২০২৩ বিশ্বকাপে বাংলাদেশের বিপক্ষে। জেক ফ্রেজার ম্যাকগার্ক ওয়ানডে দলে ফিরেছেন নয় মাস পর। এ বছরের ফেব্রুয়ারিতে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ওয়ানডে সিরিজ দিয়ে এই সংস্করণে অভিষেক ম্যাকগার্কের। ওয়ানডেতে কেবল দুই ম্যাচ খেলেছেন তিনি। পাকিস্তানের বিপক্ষে অস্ট্রেলিয়ার ওয়ানডে সিরিজের দল:

প্যাট কামিন্স (অধিনায়ক), ম্যাথু শর্ট, মারনাস লাবুশেন, জেক ফ্রেজার ম্যাকগার্ক, অ্যারন হার্ডি, জশ হ্যাজলউড, জশ ইংলিশ, গ্লেন ম্যাক্সওয়েল, মিচেল স্টার্ক, মার্কাস স্টয়নিস, কুপার কনলি, স্টিভ স্মিথ, অ্যাডাম জাম্পা, শন অ্যাবট।

রাচিনের সেঞ্চুরিতে কিউইদের

# বড় লিডের পর ভারতের লড়াই



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ব্যাঙ্গালুরুতে সিরিজের প্রথম টেস্টের প্রথম ইনিংসে ভারতের ৪৬ রানের জবাবে রাচিন রবীন্দ্রর সেঞ্চুরিতে ৪০২ রানের বড় সংগ্রহ পায় নিউজিল্যান্ড। ৩৫৬ রানে পিছিয়ে পরে দ্বিতীয় ইনিংসে লড়াই করছে ভারত। তৃতীয় দিন শেষে ৩ উইকেটে ২৩১ রান করেছে টিম ইন্ডিয়া। ৭ উইকেট হাতে নিয়ে ১২৫ রানে পিছিয়ে স্বাগতিকরা। ভারতের ইনিংস শেষে জবাব দিতে নেমে দ্বিতীয় দিন শেষে ৩ উইকেটে ১৮০ রান করেছিল সফরকারী নিউজিল্যান্ড। ৭ উইকেট হাতে নিয়ে ১৩৪ রানে এগিয়ে ছিল ব্ল্যাকক্যাপসরা। রবীন্দ্র ২২ ও ড্যারিল মিচেল ১৪ রানে ছিলেন।

তৃতীয় দিনের শুরুটা ভালো করেছে ভারতীয় বোলাররা। ৪০ রানের ব্যবধানে নিউজিল্যান্ডের ৪ উইকেট তুলে নিয়েছিল তারা। মিচেল ১৮, টম ব্লান্ডেল ৫, গ্লেন ফিলিপস ১৪ ও ম্যাট হেনরি ৮ রানে আউট হন। ২৩৩ রানে সপ্তম উইকেট পতনের পর সাবেক অধিনায়ক টিম সাউদিকে নিয়ে ১৩২ বলে ১৩৭ রানের জুটি গড়েন রবীন্দ্র। ভারতের মাটিতে অষ্টম বা তার নীচের দিকের উইকেটে নিউজিল্যান্ডের এটিই সর্বোচ্চ জুটি। এই জুটিতেই টেস্ট ক্যারিয়ারের রবীন্দ্র দ্বিতীয় সেঞ্চুরি এবং সপ্তম হাফ-সেঞ্চুরির দেখা পান সাউদি। পেসার মোহাম্মদ সিরাজের শিকার হবার আগে ৫টি চার ও ৪টি ছক্কায় ৭৩ বলে ৬৫ রান করেন সাউদি। দলীয় ৩৭০ রানে সাউদি ফেরার পরও নিউজিল্যান্ডের রানের চাকা ঘুড়িয়েছেন রবীন্দ্র। দলের রান ৪শ' পার করে স্পিনার কুলদীপ যাদবের বলে শেষ ব্যাটার হিসেবে আউট হবার আগে ১৩টি চার ও ৪টি ছক্কায় ১৫৭ বলে ১৩৪ রান করেন রবীন্দ্র। ৯১.৩ ওভারে ৪০২ রানে অলআউট হয় নিউজিল্যান্ড। ভারতের কুলদীপ ও জাদেজা ৩টি করে উইকেট নেন। প্রথম ইনিংসে ৩৫৬ রানে পিছিয়ে থেকে খেলতে নেমে ৭২ রানের সূচনা করে ভারত। উদ্বোধনী জুটিতে ৬টি চারে ৩৫ রানে আউট হন ওপেনার যশ্বসী জয়সওয়াল। টেস্টে ১৮তম হাফ-সেঞ্চুরির পর ৫২ রানে বিদায় নেন ভারত অধিনায়ক রোহিত শর্মা। তার ৬৩ বলের ইনিংসে ৮টি চার ও ১টি ছক্কা ছিলো। দ্বিতীয় ব্যাটার হিসেবে দলীয় ৯৫ রানে রোহিত ফেরার পর শক্ত হাতে দলের হাল ধরেন বিরাট কোহলি ও সরফরাজ খান। কোহলি সাবধানে খেললেও, মারমুখী মেজাজে ছিলেন সরফরাজ। নিউজিল্যান্ডের বোলারদের উপর আধিপত্য বিস্তার করে খেলে ১৬৩ বলে ১৩৬ রান যোগ করেন তারা।

৩১তম টেস্ট হাফ-সেঞ্চুরির স্বাদ নিয়ে দিনের শেষ বলে আউট হন কোহলি। ৮টি চার ও ১টি ছক্কায় ৭০ রান করেন তিনি। এই ইনিংস খেলার পথে ভারতের চতুর্থ ব্যাটার হিসেবে টেস্টে ৯ হাজার রান পূর্ণ করেন কোহলি। দিন শেষে ৭৮ বলে ৭০ রানে অপরাজিত আছেন সরফরাজ। তার চতুর্থ হাফ-সেঞ্চুরির ইনিংসে ৭টি চার ও ৩টি ছক্কা ছিলো। নিউজিল্যান্ডের স্পিনার আজাজ প্যাটেল ২টি ও ফিলিপস ১টি উইকেট নিয়েছেন।

■ স্বত্বাধিতকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR